


হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-১৯২ ঃ মেহেরপুর-সোমবার ২১ জুলাই ২০২৫ ইং ঃ ৬ শ্রাবণ ১৪৩২ বাংলা ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা


৬ বছর পর ঈশিতার নতুন গান -পৃষ্ঠা-৩




## ২১ জুলাই : কোটা নিয়ে হাইকোর্টের রায় বাতিল, সারাদেশে সংঘর্ষে আরও ১৯ জন নিহত

নিজস্ব প্রতিবেদক

কোটা সংস্কার আন্দোলন সহিংসতায় রূপ নেওয়ার পর ২০২৪ সালের ২১ জুলাই (রোববার) সরকারি চাকরিতে নিয়োগের ক্ষেত্রে কোটা পুনর্বহাল-সংক্রান্ত হাইকোর্টের রায় বাতিল করে দেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। সরকারি চাকরিতে ৭ শতাংশ কোটা ব্যবস্থা রেখে বাকি ৯৩ শতাংশ পদে মেধার ভিত্তিতে নিয়োগ এবং সরকারের নির্বাহী বিভাগকে অনতিবিলম্বে প্রজ্ঞাপন জারি করতে নির্দেশ দেওয়া হয়।

২১ জুলাই দেশজুড়ে কারফিউয়ের মধ্যেই রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে আন্দোলনকারীদের সাথে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের সংঘর্ষের ঘটনা ঘটে। এদিন সংঘর্ষে ঢাকাসহ সারাদেশে ১৯ জন নিহত হন। তাদের মধ্যে

২-এর পৃষ্ঠা দেখুন






# মেহেরপুর জেলা বিএনপিতে নেতৃত্বের দ্বন্দ্ব : ঐক্যের বদলে বিভাজন

নিজেস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা বিএনপিতে নেতৃত্বের দ্বন্দ্ব এখন আর গোপন কিছু নয়। একদিকে জেলা আহ্বায়ক অ্যাডভোকেট কামরুল ইসলাম ও অপরদিকে সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ।এই দুই নেতার অনুসারীদের মধ্যে কোন্দল এখন প্রকাশ্যে রীতিমতো 'যুদ্ধাবস্থা' তৈরি করেছে। এতে করে শুধু দলীয় শৃঙ্খলাই ক্ষতিগ্রস্ত হয়নি, বরং তৃণমূল বিএনপির অস্তিত্ব নিয়েই প্রশ্ন উঠেছে।

দলের অভ্যন্তরীণ দ্বন্দ্ব এখন এমন পর্যায়ে পৌঁছেছে যে, জেলা শহরের দুটি পৃথক স্থানে দুই পক্ষের অফিস একটি বোসপাড়ায় মাসুদ অরুণের পক্ষে, আরেকটি মুখার্জিপাড়ায় কামরুল ইসলাম ও জাভেদ মাসুদ মিল্টনের পক্ষে। দুই পক্ষের আলাদা অফিস, আলাদা মিছিল-মিটিং, এমনকি সামাজিক যোগাযোগমাধ্যমেও চলছে কাদা ছোড়াছুড়ি এসবই দলের মধ্যে গভীর বিভাজনের চিত্র স্পষ্ট করে। দলীয় সূত্র বলছে, এই দ্বন্দ্বের সূচনা হয়েছে জেলা কমিটির গঠনে পক্ষপাতিত্ব ও স্বজনপ্রীতির অভিযোগ ঘিরে। মাসুদ অরুণপন্থিদের দাবি, নতুন আহ্বায়ক কমিটিতে মাঠপর্যায়ের ত্যাগী নেতাদের মূল্যায়ন করা হয়নি। তারা দীর্ঘদিন ধরে কমিটি পুনর্গঠনের দাবিতে সরব এবং বিভিন্ন কার্যক্রমে বাধা দিয়ে আসছেন। অন্যদিকে কামরুলপন্থিরা এই অভিযোগ

২-এর পৃষ্ঠা দেখুন

# দিনে চুরি, রাতে অন্ধকার - মেহেরপুরে বিদ্যুতের তার নিয়ে হাহাকার

মিজানুর রহমান অপু

- বিদ্যুতের মিটার থেকে খুঁটি পর্যন্ত তার কেটে নিচ্ছে সংঘবদ্ধ চক্র
- দিনদুপুরে তার চুরি, স্থানীয়রা আতঙ্কে দিন কাটাচ্ছে
- চুরি করা তার পুড়িয়ে তামা বিক্রি, দাম ১৪শ টাকা পর্যন্ত
- শহরের বহুতল ভবনগুলো বেশি ঝুঁকিতে
- চোর ধরতে গিয়ে পালাতে বাধ্য হলো গেঞ্জি ফেলে!
- পিজিসিবির সাব-স্টেশনের তারও চুরি, ব্যাহত সরকারি প্রকল্প
- কৃষকের ট্রান্সফরমার খুলে নিয়ে যাচ্ছে দামি কপার
- বেশিরভাগ ঘটনায় থানায় অভিযোগই করছে না ভুক্তভোগীরা
- পুলিশের দাবি: "শুধু একটি অভিযোগ পেয়েছি"
- স্থানীয়দের প্রশ্ন: চোর ধরতে ব্যর্থ কেন প্রশাসন?

মেহেরপুরে বিদ্যুতের তার চুরি এখন যেন সাধারণ অপরাধ নয়, রীতিমতো একটি সংঘবদ্ধ বাণিজ্যে পরিণত হয়েছে। শহর থেকে শুরু করে প্রত্যন্ত গ্রাম, এমনকি সরকারি বিদ্যুৎ প্রকল্প কোনোটাই রেহাই পাচ্ছে না। দিনে দুপুরে খোলা মাঠে, বাসাবাড়িতে মানুষের চোখের সামনেই বিদ্যুতের লাইন কেটে নিচ্ছে চক্রটি। আর রাত নামলেই এলাকা ঘন অন্ধকারে ডুবে যাচ্ছে। চোরেরা অত্যন্ত কৌশলে প্রথমে মিটার থেকে তার কেটে নেয়। পরে বিদ্যুৎ খুঁটির সংযোগস্থলে গিয়ে প্লাস দিয়ে তার খুলে বা কেটে ফেলে। বিশেষ করে বহুতল ভবনে যেখানে একাধিক মিটার থাকে, সেখানেই তাদের টার্গেট বেশি। চুরি করা তার পুড়িয়ে তামা (কপার) আলাদা করে স্থানীয় ভাঙড়ি ব্যবসায়ীর কাছে বিক্রি করা হয় ১২শ-১৪শ টাকা কেজি দরে। গত ১৭ জুলাই মেহেরপুর শহরের বাসস্ট্যান্ডপাড়ায় সার্থক আলীর বাড়ির নিচতলা থেকে তার চুরি করতে গিয়ে ধরা পড়ে এক চোর। স্থানীয় নারী গহরা খাতুন তাকে জাপটে ধরলেও, সে গেঞ্জি ছিঁড়ে খালি গায়ে পালিয়ে যায়। এলাকাবাসীর দাবি, একই রাতে আশপাশের আরও অন্তত ছয়টি বাড়িতে বিদ্যুতের তার কাটা হয়, অথচ থানায় অভিযোগ জমা পড়ে মাত্র একটি। সাংবাদিক খান মোহাম্মদ আল রাফির বাসায় দিনের আলোয় তার চুরির ঘটনা ঘটে গত ১৫ জুন। তিনি সদর থানায় অভিযোগ জমা দেন। কিন্তু এখন পর্যন্ত চোর বা চক্রের কাউকে গ্রেপ্তার করা সম্ভব হয়নি। এমনকি সরকারি মালিকানাধীন পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ (পিজিসিবি)-এর

২-এর পৃষ্ঠা দেখুন




## জেলা প্রশাসনের পাঁচ কমিটির সভা অনুষ্ঠিত

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে একসাথে অনুষ্ঠিত হলো জেলার পাঁচটি গুরুত্বপূর্ণ কমিটির মাসিক সভা। গতকাল রবিবার (২০ জুলাই) জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এসব সভায় জেলা প্রশাসক সিফাত মেহনাজ সভাপতিত্ব করেন।

উল্লেখযোগ্য পাঁচটি কমিটি হলো জেলা উন্নয়ন সমন্বয়, ইনোভেশন, আইসিটি, পরিবার পরিকল্পনা ও কর্ণধর। প্রতিটি কমিটিই পৃথক পৃথক ভাবে তাদের মাসিক সভা সম্পন্ন করে। প্রতিটি সভায় জেলার সার্বিক উন্নয়ন, নাগরিকসেবা, প্রযুক্তি বাস্তবায়ন, জনসংখ্যা নিয়ন্ত্রণ ও

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে আ.লীগ ও সহযোগী সংগঠনের ৬ নেতাকর্মী গ্রেফতার

মেহেরপুর প্রতিনিধি

সম্ভাব্য নাশকতা প্রতিরোধে মেহেরপুর জেলার তিন থানার পুলিশ অভিযান চালিয়ে আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠন যুবলীগ এবং ছাত্রলীগের ছয় নেতাকর্মীকে গ্রেফতার করেছে। গ্রেফতার হওয়া ব্যক্তিরা দীর্ঘদিন ধরে সন্ত্রাস বিরোধী মামলার পলাতক আসামি বলে জানিয়েছে পুলিশ। গতকাল রাতভর মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগর থানা পুলিশের পৃথক অভিযানে এদের গ্রেফতার করা হয়। অভিযান পরিচালিত হয় গোপন সংবাদের ভিত্তিতে। অভিযানের নেতৃত্বে ছিলেন তিন থানার ভারপ্রাপ্ত

২-এর পৃষ্ঠা দেখুন



## প্রমত্তা পদ্মার ভাঙনে কুষ্টিয়া-পাবনা মহাসড়ক নদীগর্ভে বিলীন হচ্ছে ফসলি জমি ও ঘরবাড়ি

কুষ্টিয়া প্রতিনিধি

ভারী বর্ষণ ও ভারতের উজান থেকে আসা ঢলের কারণে ক্রমাগত বাড়ছে পদ্মা নদীর পানি। এতে কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার পদ্মা তীরবর্তী চারটি ইউনিয়নের মানুষ চরম ভাঙন আতঙ্কে দিন পার করছেন। ইতোমধ্যেই নদী গর্ভে বিলীন হয়েছে শতাধিক একর আবাদি জমি। তীব্র স্রোতের কারণে কুষ্টিয়া-পাবনা মহাসড়ক হুমকির মুখে পড়েছে। বাহিরচর ইউনিয়নের ১২ মাইল, টিকটিকিপাড়া, মসলেমপুর ও মুন্সিপাড়াসহ ছয় কিলোমিটার এলাকাজুড়ে এই ভয়াবহ ভাঙন শুরু হয়েছে। নদীর পাড় থেকে গুরুত্বপূর্ণ বেড়িবাঁধের দূরত্ব এখন মাত্র ৪০ মিটার। ভাঙনের ফলে প্রায় ১০ হাজার মানুষ আতঙ্কে দিন কাটাচ্ছেন। ভেড়ামারার জুনিয়াদহ, বাহাদুরপুর, মোকারিমপুর ও বাহিরচরড়এই চারটি ইউনিয়নের মানুষ নদীর পানি ও ভাঙনের কারণে

২-এর পৃষ্ঠা দেখুন

## ঋণের চাপে গৃহবধূর আত্মহনন

বামুন্দি প্রতিনিধি

মেহেরপুরের গাংনীতে এনজিওর ঋণের চাপ সহ্য করতে না পেরে বেদেনা খাতুন (৪০) নামে এক গৃহবধূ আত্মহত্যা করেছেন। বৃহস্পতিবার (১৮ জুলাই) রাত ১১টার দিকে উপজেলার মটমুড়া গ্রামের ঈদগাঁ পাড়ায় নিজ ঘরে আড়ার সঙ্গে গলায় ফাঁস দেন তিনি। মৃত বেদেনা খাতুন ওই গ্রামের আহসান আলীর স্ত্রী।



পারিবারিক সূত্রে জানা যায়, প্রায় চার বছর আগে জীবিকার তাগিদে মালয়েশিয়ায় পাড়ি জমান আহসান আলী। সেখানে হেপাটাইটিসে আক্রান্ত হয়ে দেশে ফিরে আসতে হয় তাকে। এরপর আবার বিদেশ যাওয়ার চেষ্টা করেন আহসান। এজন্য স্থানীয় দালাল মফিজের মাধ্যমে খোকসা গ্রামের এক সিন্ডিকেটকে ২ লাখ ১৫ হাজার টাকা দেন তিনি। কিন্তু সেই বিদেশ যাত্রা আর সফল হয়নি।পরিবারের উপার্জনক্ষম ব্যক্তি অসুস্থ হয়ে পড়ায় বেদেনা খাতুন সংসারের ভার কাঁধে তুলে নেন। জীবিকা চালাতে গিয়ে এক এনজিও থেকে ঋণ নেওয়ার পর আরও কয়েকটি এনজিও থেকে ধার করতে বাধ্য হন তিনি। একপর্যায়ে একাধিক ঋণ পরিশোধে ব্যর্থ হয়ে মানসিকভাবে বিপর্যস্ত হয়ে পড়েন। স্থানীয়রা জানান, আত্মহত্যার আগের দিনও বেদেনার কাছে টাকা চাইতে এসেছিলেন কয়েকটি এনজিওর কর্মীরা। সামাজিক চাপে, অপমানে ও হতাশায় তিনি জীবন বিসর্জনের পথ

২-এর পৃষ্ঠা দেখুন

## বিয়ের আগের রাতে কনের বাড়িতে লুট

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ার খোকসায় বিয়ের আগের রাতে কনের পরিবার ও আত্মীয়স্বজনদের অস্ত্রের মুখে জিম্মি করে স্বর্ণালংকার, রুপা ও নগদ টাকা লুট করেছে দুর্বৃত্তরা। শনিবার (১৯ জুলাই) দিবাগত রাত আনুমানিক আড়াইটার দিকে উপজেলার জানিপুর ইউনিয়নের ইসলামপুর গ্রামের বিধান রায়ের বাড়িতে ঘটে এ চাঞ্চল্যকর ঘটনা। জানা গেছে, রোববার ছিল বিধান রায়ের মেয়ের বিয়ের মূল আয়োজন। বাড়িতে তখন আত্মীয়-স্বজন, বন্ধুবান্ধব ও এলাকাবাসীর উপস্থিতিতে বিয়ের প্রস্তুতির শেষ মুহূর্তে ব্যস্ত সময় পার হচ্ছিল। কিন্তু রাত গভীর হতেই তৈরি হয় ভিন্ন এক আতঙ্কের পরিবেশ। প্রত্যক্ষদর্শী

২-এর পৃষ্ঠা দেখুন

অনুবাক্য

**মামুনুর রশিদ মামুন**
**(খবরঃ মুজিবনগরের নাম মুক্তিনগর)**

মুজিবনগরের নাম নিয়ে যত
নতুন করে শুরু হলো ভাবনা
মুক্তিনগর রাখতে হবে
ভাবছে সরকারের আমলা ।
মুজিবনগর নাম থাকলে
ক্ষতি কি এমন হতো
সময় এসেছে নাম বদলানোর
ভাবছে এখন আমজনতা যত।
মুজিব নগরে মুজিব আসেনি
দেখেননি কোনদিন চোখে
কেন থাকবে মুজিবের নাম
এসব কথা কে বলবে কাকে।
একাত্তরে পাকিস্তানি বিদায়
২৪শে বিদায় ফ্যাসিষ্ট
স্বৈরাচার
বাঙালি জাতি ফিরেপেল
আবার
স্বাধীনতার নতুন সরকার।





## আ. লীগের হরতালের প্রতিবাদে গাংনীতে বিএনপির বিক্ষোভ

নিজস্ব প্রতিবেদক

আওয়ামী লীগের হঠাৎ ডাকা হরতালের প্রতিবাদে মেহেরপুরের গাংনী উপজেলায় বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)। রবিবার (২০ জুলাই) দুপুরে গাংনীর বড়বাজার ও হাসপাতাল বাজারে পৃথক দুটি বিক্ষোভ মিছিল এবং প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। সাবেক সংসদ সদস্য ও জেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আমজাদ হোসেনের নেতৃত্বে একদল নেতাকর্মী হাসপাতাল বাজার থেকে একটি বিক্ষোভ মিছিল বের করেন, যা বড়বাজারে গিয়ে শেষ হয়। একই সময়ে গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলুর নেতৃত্বে আরও একটি মিছিল একই রুটে ঘুরে আবার হাসপাতাল বাজারে গিয়ে শেষ হয়। দুই মিছিলেই স্থানীয় বিএনপি নেতাকর্মীরা দলীয় পতাকা হাতে বিভিন্ন স্লোগানে আওয়াজ তোলেন। বড়বাজারে আয়োজিত প্রতিবাদ সমাবেশে আমজাদ হোসেন বলেন, "গোপালগঞ্জ থেকে একটি ভুয়া ফেসবুক আইডির মাধ্যমে হঠাৎ হরতালের ডাক দেয় আওয়ামী লীগ। এটি রাজনৈতিক ভণ্ডামি এবং দেশব্যাপী অস্থিরতা তৈরির অপচেষ্টা।" তিনি বলেন, "আ. লীগ এখন জনসমর্থন হারিয়ে গুজব ও নাটকের আশ্রয় নিচ্ছে। নিজেরা হরতাল ডেকে নিজেরাই মিছিল করছে।" অপরদিকে হাসপাতাল বাজারের সমাবেশে আসাদুজ্জামান বাবলু বলেন, "আওয়ামী লীগ বুঝে গেছে বিএনপির

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে শহীদদের স্মরণে বিএনপি পরিবারের বৃক্ষরোপণ কর্মসূচি

তৌহিদুল ইসলাম তুহিন

মেহেরপুরে দীর্ঘ ফ্যাসিবাদবিরোধী আন্দোলন ও ২৪ জুলাই-আগস্টের গণঅভ্যুত্থানের শহীদদের স্মরণে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করেছে জেলা কৃষক দল ও 'আমরা বিএনপি পরিবার'।

"সবুজ পল্লবে স্মৃতি অম্লান" এই স্লোগানকে ধারণ করে রবিবার (২০ জুলাই) বিকেল ৫টায় সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের গোভীপুর মাঠে এ কর্মসূচি পালন করা হয়।কর্মসূচিতে অংশগ্রহণ করেন মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক আলহাজ্ব জাভেদ মাসুদ মিল্টন, সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, জেলা বিএনপির সদস্য রোমানা আহমেদ ও ওমর ফারুক লিটন, জেলা কৃষক দলের সিনিয়র সহ-সভাপতি আব্দুর রহিম, গাংনী উপজেলা কৃষক দলের সভাপতি মোতালেব হোসেন, জেলা জাসাসের সদস্য সচিব বাঁকা বিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু এবং জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওসার আলীসহ জেলা বিএনপি ও এর অঙ্গ-সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা। বৃক্ষরোপণের সময় প্রতিটি গাছে শহীদদের নামের ফলক কার্ড সংযুক্ত করা হয়, যাতে স্মৃতি অম্লান থাকে এবং নতুন প্রজন্ম শহীদদের ত্যাগ সম্পর্কে জানতে পারে।

## এনসিপির সংগঠকের ওপর হামলার অভিযোগ বিএনপির বিরুদ্ধে

সূর্যোদয় প্রতিবেদন

চট্টগ্রামের বাঁশখালীতে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) এক সংগঠকের ওপর বিএনপির নেতাকর্মীদের হামলার অভিযোগ উঠেছে। শনিবার (১৯ জুলাই) রাতে বাঁশখালী থানার দক্ষিণ পাশে ফরহাদ-নোমান ভবনের সামনে এই ঘটনা ঘটে। তানভীর কাদের সিকদার নামে ২৩ বছর বয়সী ওই এনসিপি নেতা আহত হয়েছেন। তানভীর শীলকূপ ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের ফজলুল কাদের সিকদারের ছেলে। স্থানীয় সূত্রে জানা গেছে, এনসিপির মুখ্য সমন্বয়ক নাসিরউদ্দীন পাটোয়ারীর কক্সবাজারের চকরিয়ায় বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহ উদ্দিন আহমেদের প্রতি ইঙ্গিতপূর্ণ বক্তব্যের জেরে বিএনপির নেতাকর্মীরা বিক্ষোভ মিছিল করেন। তারা 'এনসিপির গালে গালে, জুতা মারো তালে তালে' এবং 'নাসিরউদ্দীনের গালে গালে, জুতা মারো তালে তালে' স্লোগান দেয় এবং নাসিরউদ্দীনের কুশপুত্তলিকা দাহ করে। এনসিপির যুগ্ম সদস্যসচিব মীর আরশাদুল হক জানান, জুলাই পদযাত্রার প্রচারণা চলাকালে বিএনপির নেতাকর্মীরা

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনী কৃষকদলের উদ্যোগে বিদ্যালয় প্রাঙ্গণে বৃক্ষরোপণ

গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনী উপজেলার কাজীপুর মাথাভাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের আঙ্গিনায় কৃষকদলের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়েছে। রবিবার (২০ জুলাই) বিকেলে এ কর্মসূচির আয়োজন করা হয়।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক কামাল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কৃষকদলের আহ্বায়ক ও সাবেক ছাত্রনেতা মাহবুবুর রহমান। কর্মসূচির উদ্বোধন করেন গাংনী উপজেলা বিএনপির সাবেক সহ-সভাপতি মতিয়ার রহমান মোল্লা। এ সময় কৃষকদলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। আয়োজকরা জানান, জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলা ও পরিবেশ রক্ষায় এই কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। ভবিষ্যতেও এ ধরনের পরিবেশবান্ধব কার্যক্রম অব্যাহত থাকবে বলে জানান তারা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ সোমবার ॥ ৬ শ্রাবণ ১৪৩২ বাংলা ॥ ২১ জুলাই ২০২৫ইং

# খুলনায় বিষাক্ত মদ্যপানে আরও দুজনের মৃত্যু

সূর্যোদয় প্রতিবেদন

খুলনায় বিষাক্ত মদ্যপানে মৃত্যুর মিছিল থামছে না। সর্বশেষ ডুমুরিয়া উপজেলার থুকড়া গ্রামে আরও দুজনের মৃত্যুর খবর পাওয়া গেছে। এর আগে খুলনা নগরীতে একই কারণে পাঁচজনের মৃত্যু হয়। সব মিলিয়ে শুক্রবার ও শনিবার দু'দিনে জেলায় মদ্যপানে মৃত্যুর সংখ্যা দাঁড়াল সাতজনে।

ডুমুরিয়ায় নিহত দুই ব্যক্তি হলেন থুকড়া গ্রামের রবিউল গাজী (৩৭) ও রাসেল সরদার (৩৫)। স্থানীয় সূত্রে জানা গেছে, বিষাক্ত মদ পানের পর ওই এলাকার আরও কয়েকজন গুরুতর অসুস্থ হয়ে গোপনে বিভিন্ন হাসপাতালে চিকিৎসা নিচ্ছেন। তবে মৃতদের পরিবারের পক্ষ থেকে অনেকেই বিষয়টি প্রকাশ্যে আনতে চাইছেন না। ডুমুরিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ মাসুদ রানা বলেন, শুক্রবার রাতে থুকড়া বাজারে অ্যালকোহল জাতীয় পানীয় গ্রহণ করেন রবিউল ও রাসেল। এরপর রাতেই রবিউলের শারীরিক অবস্থার অবনতি হলে তাঁকে ডুমুরিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। সেখানে অবস্থার অবনতি ঘটলে তাঁকে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়। তবে পরিবারের সদস্যরা অসুস্থতার প্রকৃত কারণ গোপন রাখেন। হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় রবিউল মারা যান। পরে ময়নাতদন্ত ছাড়াই তাঁর দাফন সম্পন্ন হয়।

অপরদিকে, রাসেল সরদার শনিবার বিকেলে অসুস্থ হয়ে পড়লে তাঁকে খুলনার গাজী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। রাতেই চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। গাজী মেডিকেল কলেজ হাসপাতালের নথিতে মৃত্যুর কারণ হিসেবে 'অ্যালকোহল ইনটক্সিকেশন' উল্লেখ রয়েছে। মরদেহ বর্তমানে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে রয়েছে। ওসি মাসুদ রানা আরও জানান, কিছুদিন আগে রবিউল গাজীসহ কয়েকজনকে অ্যালকোহলসহ আটক করা হয়েছিল। তাদের বিরুদ্ধে নিয়মিত মামলাও রয়েছে। এর আগে খুলনা নগরীর রায়ের মহল, বয়রা এবং পাবলিক কলেজ এলাকার পাঁচজন

৩-এর পৃষ্ঠা দেখুন

## স্বাস্থ্য



# রাত ৯টার পর খাবার খেলে হতে পারে যেসব সমস্যা

সূর্যোদয় প্রতিবেদন

আজকাল ব্যস্ত জীবনে দেরিতে ঘুমানো, মাঝরাতে খাবার খাওয়া কিংবা সোশ্যাল মিডিয়ায় ঘণ্টার পর ঘণ্টা কাটানো যেন স্বাভাবিক অভ্যাসে পরিণত হয়েছে। অথচ এসব অভ্যাস আমাদের শরীরের প্রাকৃতিক ঘুম ও খাওয়ার ছন্দকে বিঘ্নিত করে। বিশেষজ্ঞদের মতে, রাত ৯টার পর খাবার খাওয়া শরীরের ওপর দীর্ঘমেয়াদে নানা নেতিবাচক প্রভাব ফেলে। রাতে দেরিতে খেলে শুধু হজমে সমস্যা হয় না, বরং তা ওজন বৃদ্ধি, বিপাকীয় সমস্যাসহ ইনসুলিন রেজিস্ট্যান্স ও হরমোনের ভারসাম্যহীনতার কারণও হতে পারে। স্বাস্থ্য ভালো রাখতে হলে রাত ৮টার মধ্যেই রাতের খাবার খাওয়া সবচেয়ে ভালো। দেরি হলে অবশ্যই ৯টার মধ্যে খাওয়া শেষ করে ফেলা উচিত। চলুন জেনে নিই, নিয়মিত রাত ৯টার পর খাবার খেলে কী কী সমস্যার মুখে পড়তে পারেন। ১. হজমে সমস্যা বাড়ে : রাতের বেলা শরীরের বিপাকক্রিয়া ধীর হয়ে যায়। তাই দেরিতে খেলে খাবার সহজে হজম হয় না। এতে গ্যাস, অ্যাসিডিটি, বদহজম, পেট ভার লাগা, বুকে জ্বালা ইত্যাদি সমস্যা দেখা দিতে পারে। ২. ঘুমের ব্যাঘাত ঘটে: খাবারের পরপরই শুয়ে

৩-এর পৃষ্ঠা দেখুন

## হাসপাতাল থেকে বাসায় ফিরলেন জামায়াত আমির

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডাঃ শফিকুর রহমান হাসপাতালে চিকিৎসা শেষে বাসায় ফিরেছেন। শুক্রবার (১৯ জুলাই) রাতে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দেওয়া এক স্ট্যাটাসে তিনি এই তথ্য জানান। একই সঙ্গে তার অসুস্থতার খবরে যারা খোঁজ নিয়েছেন এবং দোয়া করেছেন, সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন তিনি। স্ট্যাটাসে ডাঃ শফিকুর রহমান লেখেন, "আলহামদুলিল্লাহ, এখন আমি অনেকটাই সুস্থ। হাসপাতালে প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষার পর বিশ্রামের জন্য বাসায় এসেছি।"তিনি বলেন, "আমার এই সাময়িক অসুস্থতার কারণে আজকের সমাবেশে যে বিঘ্ন সৃষ্টি হয়েছে, তার জন্য আমি আন্তরিকভাবে দুঃখিত। এটি আমার ইচ্ছাকৃত নয়। মহান আল্লাহ নিশ্চয়ই এর মধ্যে কোনো

৩-এর পৃষ্ঠা দেখুন




# হাসিনা মানবজাতির কলঙ্ক, তার ক্ষমা নেই: মির্জা ফখরুল

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, শেখ হাসিনাকে কোনদিন ক্ষমা করা যাবে না। হাসিনা মানবজাতির কলঙ্ক, মায়েরদের কলঙ্ক, তার ক্ষমা নেই। বিচার হবেই। রোববার রাজধানীর শেরেবাংলানগরের শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের মাজার প্রাঙ্গণে 'গণঅভ্যুত্থান ২০২৪ জাতীয় ঐক্য ও গণতান্ত্রিক অভিযাত্রা সবুজ পল্লবে স্মৃতি অম্লান' কার্যক্রমে তিনি এই কথা বলেন। কর্মসূচির আয়োজন করে জাতীয়তাবাদী কৃষকদল ও আমরা বিএনপি পরিবার। এসময় প্রত্যক শহীদের নামে মাজার প্রাঙ্গনে একটি করে নিম গাছ লাগানো হয়। শনিবার একটি প্রোগ্রামে জুলাই আন্দোলনে এক শহীদের মায়ের

২-এর পৃষ্ঠা দেখুন

## ডাকসু নির্বাচনের তফসিল ২৯ জুলাই ভোট সেপ্টেম্বরের দ্বিতীয় সপ্তাহে

সূর্যোদয় প্রতিবেদন

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনের তফসিল ঘোষণা করা হবে আগামী ২৯ জুলাই। নির্বাচন অনুষ্ঠিত হবে সেপ্টেম্বর মাসের দ্বিতীয় সপ্তাহে। রোববার (২০ জুলাই) বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে ডাকসু নির্বাচনের অংশীজনদের সঙ্গে অনুষ্ঠিত চূড়ান্ত সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। সভা শেষে ডাকসু নির্বাচনের প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক ড. জসীম উদ্দিন সাংবাদিকদের জানান, "২৯ জুলাই-ই তফসিল ঘোষণা করব। এরপর আমরা ৪০ থেকে ৪৫ দিনের মধ্যে ভোট গ্রহণ করতে পারব বলে আশা করছি। আমরা নির্ধারিত সময়ের মধ্যেই অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানে বদ্ধপরিকর।" সভায় জানানো হয়, ডাকসু নির্বাচনে মোট ছয়টি 'নিরপেক্ষ' কেন্দ্রে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। হলভিত্তিক শিক্ষার্থীদের জন্য কেন্দ্রগুলো হলো: ১. কার্জন হল

২-এর পৃষ্ঠা দেখুন




# বান্দরবানে সারজিস আলমকে অবাঞ্ছিত ঘোষণা

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) উত্তরাঞ্চলের মূখ্য সংগঠক সারজিস আলমের বিরুদ্ধে পার্বত্য অঞ্চলের প্রতি চরম অবমাননার অভিযোগ তুলেছে জেলার ছাত্র নেতারা। সারজিস ক্ষমা না চাওয়া পর্যন্ত বান্দরবানে তার উপস্থিতি ও এনসিপির সব কার্যক্রম সম্পূর্ণভাবে অবাঞ্ছিত ঘোষণা করেছে তারা। রোববার (২০ জুলাই) দুপুরে বান্দরবান প্রেসক্লাবে 'ছাত্র সমাজ'র ব্যানারে এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন বান্দরবানের ছাত্র নেতারা।

তারা বলেন, গত ৩ জুলাই পঞ্চগড়ের জুলাই পদযাত্রা চলাকালে এনসিপি নেতা সারজিস আলম এক বক্তব্যে বান্দরবানকে 'শাস্তিস্বরূপ চাঁদাবাজ ও দুর্নীতিবাজ কর্মকর্তাদের পাঠানোর জায়গা' হিসেবে উল্লেখ করেন। এই মন্তব্য চরম নিন্দনীয়, অবমাননাকর। একজন নেতার মুখে এ ধরনের কটূক্তি একটি জেলার মর্যাদাকে হেয় করার পাশাপাশি পুরো পার্বত্য চট্টগ্রামের প্রতি রাষ্ট্রীয় বৈষম্য ও অবহেলার নগ্ন বহিঃপ্রকাশ। সংবাদ সম্মেলনে ছাত্র সমাজের নেতারা আরও বলেন, এ

৩-এর পৃষ্ঠা দেখুন

## "হরতাল হয়েছে কিনা, আপনারাই বলেন"- স্বরাষ্ট্র উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

গোপালগঞ্জে সহিংসতার ঘটনায় ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের চার সহযোগী সংগঠনড়্যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ, জাতীয় শ্রমিক লীগ এবং নিষিদ্ধ ছাত্রলীগড় রোববার সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত 'সর্বাত্মক হরতাল'-এর ডাক দিয়েছে। সামাজিক যোগাযোগমাধ্যম এবং সংবাদমাধ্যমে পাঠানো এক যৌথ বিবৃতিতে এই কর্মসূচির ঘোষণা দেয় সংগঠনগুলো। তবে বাস্তবে হরতালের কতটা বাস্তবায়ন হয়েছেড়তা নিয়ে প্রশ্ন তুলেছেন স্বরাষ্ট্র উপদেষ্টা অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট জেনারেল মো. জাহাঙ্গীর আলম চৌধুরী। রোববার দুপুরে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আইন-শৃঙ্খলাসংক্রান্ত কোর কমিটির সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, "আওয়ামী লীগের পক্ষ থেকে একটি হরতাল ডাকা হয়েছে। কিন্তু হরতালটা হয়েছে কি না সেটা আপনারাই বলেন।

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে মোবাইল কোর্ট ময়াদ উত্তীর্ণ যানবাহন চালানোর অপরাধে জরিমানা

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে মোবাইল কোর্ট বসিয়ে মেয়াদ উত্তীর্ণ যানবাহন চালানোর অপরাধে জরিমানা আদায় করা হয়েছে। রবিবার সন্ধ্যার দিকে মেহেরপুর শহরের আঞ্চলিক পাসপোর্ট অফিসের সামনে, কলেজ মোড় এবং ওয়াপদার মোড় এলাকায় এ মোবাইল

৩-এর পৃষ্ঠা দেখুন

## আলিম পরীক্ষায় নকল মেহেরপুরে এক ছাত্রী বহিষ্কার

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুরে আলিম পরীক্ষায় নকল করার অভিযোগে এক শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। বৃহস্পতিবার (১৮ জুলাই) দারুল উলুম আহমদিয়া ফাজিল মাদ্রাসা কেন্দ্রে অনুষ্ঠিত 'আল-ফিকাহ ২য় পত্র' পরীক্ষার সময় এ ঘটনা ঘটে।

বহিষ্কৃত শিক্ষার্থীর নাম ফাহমিদা রিফা। তিনি গাংনী উপজেলার হাড়াভাঙ্গা দারুল হাদী ফাজিল মাদ্রাসার আলিম পরীক্ষার্থী। পরীক্ষার সময় নকল করতে গিয়ে কক্ষ পরিদর্শকের হাতে ধরা পড়েন তিনি। দায়িত্বরত

৩-এর পৃষ্ঠা দেখুন



## টি-টোয়েন্টি সিরিজে জিতলে কার লাভ, কার ক্ষতি

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানের বিপক্ষে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজে মাঠে নেমেছে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল। সিরিজের প্রথম ম্যাচে টস জিতে বোলিংয়ের সিদ্ধান্ত নিয়েছে টাইগাররা। তবে মাঠের পারফরম্যান্সের

৩-এর পৃষ্ঠা দেখুন

# ২০২৬ বিশ্বকাপের টিকিটের মূল্য কত, কিনবেন কীভাবে

সূর্যোদয় প্রতিবেদন

২০২৬ ফুটবল বিশ্বকাপের প্রায় বছরখানেক আগেই টুর্নামেন্টের টিকিট সংক্রান্ত বিস্তারিত তথ্য প্রকাশ করেছে আয়োজক ফিফা। বিশ্বকাপের এই আসর যৌথভাবে আয়োজন করবে যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকো। প্রথমবারের মতো তিন দেশের আয়োজনে ৪৮টি দেশ এই বিশ্বকাপে অংশ নেবে। ফিফা জানিয়েছে, আগামী ১০ সেপ্টেম্বর থেকে টিকিট সংগ্রহের জন্য প্রাথমিক আবেদন করতে পারবেন ফুটবল অনুরাগীরা। যা চালু থাকবে


৩-এর পৃষ্ঠা দেখুন

## প্রযুক্তি

# কেন দ্রুত ফুরিয়ে যায় স্মার্টফোনের ডেটা ও চার্জ

সূর্যোদয় প্রতিবেদন

স্মার্টফোন ব্যবহারকারীদের একটি সাধারণ অভিযোগ ''ডেটা এত তাড়াতাড়ি শেষ হয়ে যায় কেন?'' কিংবা, ''ফোন তো ব্যবহারই করিনি, তবুও চার্জ কমে যাচ্ছে কেন?'' প্রযুক্তি বিশেষজ্ঞরা বলছেন, এর জন্য দায়ী কিছু নির্দিষ্ট অ্যাপ ও ফোনের অভ্যন্তরীণ কিছু স্বয়ংক্রিয় প্রক্রিয়া, যেগুলো অজান্তেই ডেটা ও ব্যাটারি খরচ করে ফেলে। বিশেষজ্ঞদের ভাষায়, কিছু অ্যাপ যেন ব্যাটারির 'ভ্যাম্পায়ার' অর্থাৎ রক্তচোষা রাক্ষস। ব্যবহারকারী কিছু না করলেও ব্যাকগ্রাউন্ডে চলতে থাকা এই অ্যাপগুলো ফোনের চার্জ এবং ইন্টারনেট ডেটা টেনে নেয় অবিরামভাবে। চলুন দেখে নিইড়কেন দ্রুত ফুরিয়ে যায় স্মার্টফোনের ডেটা ও চার্জ এবং কীভাবে মিলতে পারে মুক্তি।চার্জ ও ডেটা ফুরানোর প্রধান কারণ ১. ব্যাকগ্রাউন্ডে চালু থাকা অ্যাপ: ফেসবুক, হোয়াটসঅ্যাপ, সংবাদ অ্যাপ কিংবা ইমেইল সেবাড়এইসব অ্যাপ ব্যাকগ্রাউন্ডে থেকেও সার্ভারের সঙ্গে ডেটা আদান-প্রদান চালিয়ে যায়, যা বাড়িয়ে দেয় ব্যাটারি ও ডেটা খরচ। ২. লোকেশন-ভিত্তিক অ্যাপের অতিসক্রিয়তা: গুগল ম্যাপস, ওয়েজ, ফিটনেস অ্যাপ ইত্যাদি নিয়মিত লোকেশন আপডেট করে। এতে ডেটার পাশাপাশি ব্যাটারিও দ্রুত ফুরিয়ে যায়। ৩. ভিপিএনের অতিরিক্ত ডেটা




২-এর পৃষ্ঠা দেখুন

**মায়ের হাসি ক্লিনিক**

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

**নিয়মিত রোগী দেখেন**

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
**ডাঃ এম.র. মালিক**
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
**ডাঃ কানিজ নাঈমা**
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
**ডাঃ রুমানা হেলালী (জুসি)**
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
**ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন**
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
**ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ**
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

**শর্মা ফুড প্লাজা**

বাদল ফেন্সি মার্কেট, প্রধানসড়ক, মেহেরপুর।
মোবাইল : ০১৩০৯- ৯১৯১৩৩

অ্যাপিটাজার, স্যান্ডউইস , বার্গার, সসেজ, চাউমিন এন্ড নুডলস, স্পেশাল ডাম্পলিংস. ফ্রাই বক্স , মিট বক্স এড, পান্তা, সালাদ , ফ্যামেলি প্যাক, পিজা, ডিসার্ট আইটেম, নাসোজ. শর্মা রোল,

SHARMA Food Plaza

ফ্যামলি প্যাকেজস,সেট মেনু, শেক, মোজিটা , কোল্ড এন্ড কফি, কম্বো, রাইস বল আইটেম, বিরানি নান গ্রীল, ছাড়াও এখানে সব ধরনের কাচ্ছি পাওয়া যায়।

এখানে মনোরম পরিবেশে বিভিন্ন ধরনের সেমিনার, জন্মদিনের পার্টি ও বিবাহ বার্ষিকী অনুষ্ঠানের বিশেষ সুবিধা আছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## রাত ৯টার পর খাবার খেলে হতে

পড়লে পেটে চাপ পড়ে, ঘুমে ব্যাঘাত ঘটে। অনেক সময় গ্যাস্ট্রিক ও বুকজ্বালার কারণে অনিদ্রা দেখা দেয়। চিকিৎসকরা ঘুমানোর অন্তত ৩ থেকে ৪ ঘণ্টা আগে খাবার খাওয়ার পরামর্শ দেন। ৩. ওজন ও মেদ বাড়ে :রাতে শরীর অতিরিক্ত ক্যালরি পোড়াতে পারে না, যা চর্বি হিসেবে জমে যায়। এতে ধীরে ধীরে ওজন ও মেদ বাড়ে এবং মেটাবলিক সিনড্রোম হওয়ার ঝুঁকি বাড়ে। ৪. ডায়াবেটিসের ঝুঁকি বাড়েঃ রাতের খাবারের পরপর ঘুমিয়ে পড়লে ইনসুলিন রেজিস্ট্যান্স তৈরি হয়। দীর্ঘমেয়াদে এটি টাইপ-২ ডায়াবেটিসের কারণ হয়ে দাঁড়াতে পারে। ৫. হরমোনের ভারসাম্যহীনতাঃ রাতে দেরিতে খেলে কর্টিসল ও ইনসুলিন হরমোনের মাত্রা বেড়ে যায়। এতে খিটখিটে মেজাজ, ক্লান্তি এবং নারীদের ক্ষেত্রে মাসিক চক্রে অনিয়ম দেখা দিতে পারে। পরামর্শঃ স্বাস্থ্যকর জীবনের জন্য রাতে সময়মতো খাওয়ার অভ্যাস গড়ে তুলুন। প্রতিদিন অন্তত রাত ৮টার মধ্যে খেয়ে নিন এবং শরীরকে পর্যাপ্ত বিশ্রাম দিন।

## খুলনায় বিষাক্ত মদ্যপানে আরও

বিষাক্ত মদ্যপানে মারা যান। তারা হলেন রায়ের মহল এলাকার সাজ্জাদ মল্লিক, বয়রা শেরের বাজার মোড়ের বাবু, বয়রা মধ্যপাড়ার সাবু, বয়রা জংশনের গৌতম কুমার বিশ্বাস এবং পাবলিক কলেজ পেছনের এলাকার তোতা। নিহতদের মধ্যে সাবু ও বাবু শ্যালক-ভগ্নিপতি। পুলিশ জানিয়েছে, এসব ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে হোমিও চিকিৎসক শেখ মোসলেম আলীকে আটক করা হয়েছে। তিনি ওই বিষাক্ত মদ প্রস্তুত ও বিক্রির সঙ্গে জড়িত ছিলেন বলে প্রাথমিক তদন্তে জানা গেছে। পুলিশ ও চিকিৎসকদের ধারণা, বিষাক্ত বা অতিমাত্রায় মিথানল মেশানো দেশি মদ পান করায় এসব মৃত্যুর ঘটনা ঘটেছে। অনেকেই ময়নাতদন্ত ছাড়া দাফন করায় সঠিক তথ্য-উপাত্ত পাওয়া কঠিন হয়ে পড়ছে।

## বাসায় ফিরলেন জামায়াত আমির

কল্যাণ রেখেছেন।” জামায়াত আমির আরও জানান, অসুস্থতার খবর জানার পর বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া, দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানসহ দেশ-বিদেশের বহু গণ্যমান্য ব্যক্তি তার শারীরিক অবস্থার খোঁজ নিয়েছেন ও দোয়া করেছেন। হাসপাতালে অবস্থানকালে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, স্থায়ী কমিটির সদস্য ডঃ আব্দুল মঈন খান, প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলমসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা তাকে দেখতে যান। এ ছাড়া ইসলামী আন্দোলনের মহাসচিব মাওলানা ইউনুস আহমদ, খেলাফত মজলিসের আমির হাফেজ মাওলানা আব্দুল বাসিত আজাদ, মহাসচিব ডঃ আহমদ আব্দুল কাদের, খেলাফত আন্দোলন, এনসিপি, জমিয়তে ওলামায়ে ইসলামসহ বিভিন্ন ইসলামী দল ও সংগঠনের নেতারা তার খোঁজ নেন এবং দ্রুত সুস্থতা কামনা করেন। সরকারি-বেসরকারি বিভিন্ন মহল, সামাজিক ও রাজনৈতিক ব্যক্তিত্ব এবং দেশ-বিদেশের অসংখ্য শুভাকাঙ্ক্ষী, সহকর্মী ও সাধারণ মানুষের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে জামায়াত আমির বলেন, “তাদের এ ভালোবাসা ও আন্তরিকতার প্রতিদান আল্লাহ রাব্বুল আলামীন যেন সকলকে দান করেন।” স্ট্যাটাসের শেষাংশে তিনি মহান আল্লাহর প্রতি প্রার্থনা করে লেখেন, “রাব্বুল আলামিন তার এ গোলামকে বাকি জিন্দেগি তার পছন্দমতো মানবতার জন্য কাজ করার তাওফিক দান করুন। আমিন।”

## বান্দরবানে সারজিস আলমকে

বিষয়ে ক্ষমা চাওয়ার জন্য আমরা স্থানীয় এনসিপি নেতাদের সঙ্গে যোগাযোগ করি। তারা আমাদের আশ্বস্ত করেন, ১৯ জুলাই বান্দরবানে অনুষ্ঠিত ‘জুলাই পদযাত্রা’ অনুষ্ঠানে সারজিস জনসম্মুখে ক্ষমা চাইবেন। তখন আমরা কোনো প্রতিবাদ কর্মসূচিতে না গিয়ে শান্ত থেকেছি। তবে সারজিস উক্ত অনুষ্ঠানে উপস্থিতই ছিলেন না এবং দলের কোনো কেন্দ্রীয় নেতা এই বিষয়ে একটি বাক্যও বলেননি। বরং অনুষ্ঠান শেষে আমরা মঞ্চে গিয়ে কেন্দ্রীয় নেতাদের বিষয়টি স্মরণ করালে তারা কর্ণপাত না করে অনুষ্ঠান স্থল ত্যাগ করেন। তারা আরও বলেন, ছাত্র সমাজ, সারজিসের বক্তব্যে ক্ষুব্ধ ও মর্মাহত। বান্দরবান কোনো বিচ্ছিন্ন ভৌগোলিক অঞ্চল নয়-এটি জাতিগত, সাংস্কৃতিক ও ঐতিহাসিকভাবে সমৃদ্ধ এক জনপদ। এখানকার মানুষ শান্তিপ্রিয়, আত্মমর্যাদাসম্পন্ন ও অধিকার সচেতন। এই জেলার মর্যাদাকে অপরাধীদের শাস্তির স্থান হিসেবে উল্লেখ করা মানে পার্বত্য অঞ্চলের মানুষকে অপমান করা। সংবাদ সম্মেলনে ছাত্র নেতা আসিফ ইসলাম বলেন, সারজিস ক্ষমা না চাওয়া পর্যন্ত বান্দরবানে এনসিপির সকল কার্যক্রম ও তার উপস্থিতি সম্পূর্ণভাবে অবাঞ্ছিত ঘোষণ করা হলো। যেসব সরকারি কর্মকর্তা ‘শাস্তিস্বরূপ বদলি’ হিসেবে বান্দরবানে দীর্ঘদিন ধরে নিয়োজিত রয়েছেন, তাদের দ্রুত প্রত্যাহার করতে হবে। পার্বত্য চট্টগ্রামকে ‘বিপজ্জনক’ বা ‘চাঁদাবাজ, দুর্নীতিবাজ কর্মকর্তাদের জায়গা’ হিসেবে উপস্থাপন রোধে সরকারকে কঠোর ব্যবস্থা নিতে হবে। পার্বত্য চট্টগ্রাম ছাত্র পরিষদের সভাপতি আসিফ ইকবাল বলেন, বান্দরবানকে অবজ্ঞা করা মানে আমাদের অস্তিত্বকে অস্বীকার করা। অবমূল্যায়ন বা অবমাননা করা হলে আমরা তার রাজনৈতিক পরিচয় বিবেচনায় না নিয়ে গণপ্রতিরোধ গড়ে তুলবো। কোনো দলের নেতা যদি জনপদের সম্মানহানি করেন, তাকে মেনে নেওয়া হবে না।

এসময় আরও উপস্থিত ছিলেন, পার্বত্য চট্টগ্রাম ছাত্র পরিষদ, সহসভাপতি মাহির ইফতেখার, খালিদ বিন নজরুল, জুবায়ের ইসলাম, আসিফ ইসলামসহ অনেকে।

## মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে

কোর্ট বসানো হয়। মেহেরপুর জেলা প্রশাসনের সহকারি কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমানের নেতৃত্বে মোবাইল কোর্ট চলার সময় ২০ বছরের অধিক বয়সী বাস চালানোর কারণে আলহাজ্ব পাবনা জ-০৪-০০০৫ নাম্বারের একটি বাস চালকের নিকট থেকে এক হাজার টাকা জরিমান আদায় করা হয়। এবং তার কাছ থেকে মুচলেকা নেওয়া হয়। এই গাড়ি আর রাস্তায় বের করবে না।এছাড়া মোটরসাইকেলের বৈধ কাগজপত্র না থাকাই অপর এক ব্যক্তির নিকট থেকে এক হাজার টাকা জরিমানা আদায় করা হয়। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী ২০ বছরের অধিক বয়সী বাস এবং ২৫ বছরের অধিক বয়সী ট্রাক না চালানো যাবে না। মোবাইল কোর্ট চলাকালীন অন্যদের মধ্যে বিআরটিএ সহকারী পরিচালক আতিয়ার রহমান, পরিদর্শক জিয়াউর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

## আলিম পরীক্ষায় নকল মেহেরপুরে

কক্ষপরিদর্শক রায়হানা তাসলিম তাৎক্ষণিকভাবে তাকে বহিষ্কারের সিদ্ধান্ত নেন এবং কেন্দ্র সচিবের মাধ্যমে পরীক্ষাসংক্রান্ত বিধি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। জেলা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড সূত্রে জানা গেছে, চলতি বছরের আলিম পরীক্ষায় মেহেরপুর জেলায় এটাই প্রথম বহিষ্কারের ঘটনা।

স্থানীয় প্রশাসন ও শিক্ষা কর্তৃপক্ষ পরীক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে সতর্ক অবস্থানে রয়েছে বলেও জানা গেছে।

## টি-টোয়েন্টি সিরিজে জিতলে কার

বাইরেও এই সিরিজ ঘিরে রয়েছে র‍্যাংকিংয়ের হিসাব-নিকাশ। বর্তমানে আইসিসি টি-টোয়েন্টি র‍্যাংকিংয়ে বাংলাদেশ রয়েছে ১০ নম্বরে, রেটিং পয়েন্ট ২২০। পাকিস্তান অবস্থান করছে ৮ নম্বরে, ২৩১ পয়েন্ট নিয়ে। সিরিজের ফল নির্ধারণ করবে দুই দলের র‍্যাংকিং ও রেটিং পয়েন্টে কতটা পরিবর্তন আসবে। সিরিজে পাকিস্থানকে হোয়াইটওয়াশ করতে পারলে বাংলাদেশ ৯ নম্বরে উঠে আসবে। রেটিং পয়েন্ট বাড়বে ৩ (২২৩)। এ ক্ষেত্রে আফগানিস্তান চলে যাবে ১০ নম্বরে। অন্যদিকে, পাকিস্তানের রেটিং কমে দাঁড়াবে ২২৭, যদিও অবস্থানে তারা থাকবেই ৮-এ। যে কোনো ব্যবধানে বাংলাদেশ যদি সিরিজ হারে তাহলে র‍্যাংকিংয়ে কোনো পরিবর্তন আসবে না। দলটি ১০ নম্বরেই থাকবে। পাকিস্তান যদি ৩-০ ব্যবধানে জেতে এ ক্ষেত্রে পাকিস্তানের রেটিং বেড়ে দাঁড়াবে ২৩৩। তখন তারা শ্রীলংকাকে পেছনে ফেলে এক ধাপ এগিয়ে চলে যাবে ৭ নম্বরে। বাংলাদেশ যদি ২-১ ব্যবধানে জেতে, তবে এক্ষেত্রে অবস্থান অপরিবর্তিত থাকবে, যদিও রেটিং পয়েন্ট বাড়বে ১। পাকিস্তানের রেটিং পয়েন্ট কমবে ২, অবস্থান অপরিবর্তিত থাকবে ৮-তেই। পাকিস্তান যদি ২-১ ব্যবধানে জেতে এই ফলাফলে দুই দলের রেটিং কিংবা অবস্থানে কোনো হেরফের হবে না। যদি একটি ম্যাচ পরিত্যক্ত হয়ে সিরিজ ১-১ ড্র হয়, তাহলে দুই দলের রেটিং বা অবস্থানেও কোনো পরিবর্তন হবে না। এক ম্যাচ বাতিল হলে এবং বাংলাদেশ বাকি দুইটি ম্যাচ জিতলে রেটিং পয়েন্ট বাড়বে ২, কিন্তু অবস্থান পরিবর্তন হবে না। পাকিস্তানের রেটিং কমবে ৩, তবু দলটি ৮ নম্বরেই থাকবে।

## ২০২৬ বিশ্বকাপের টিকিটের মূল্য

আগামী বছরের ১৯ জুলাই বিশ্বকাপ ফাইনালের দিন পর্যন্ত। ব্যাপক চাহিদার কারণে টিকিট বিক্রির প্রক্রিয়া ধাপে ধাপে শেষ করা হবে।

টিকিট ক্রয়ে ইচ্ছুক ব্যক্তিদের ফিফা ওয়েব সাইটে (ব্যক্তিগত তথ্য দিয়ে রেজিষ্ট্রেশন করে ফিফা আইডি থাকা আবশ্যক)-এর মাধ্যমে প্রাথমিক আবেদন করতে হবে। টিকিট ক্রয়ই অবশ্য মাঠে বসে খেলা দেখার জন্য যথেষ্ট হবে না। তার আগে বরং যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোর বাইরে থেকে যাওয়া সমর্থকদের প্রবেশের জন্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। পরবর্তীতে সঙ্গে রাখতে হবে সেসব কাগজপত্র। বিশ্বকাপের উদ্বোধনী ম্যাচ উপভোগ করতে ক্যাটাগরি ভিত্তিক ৩৫৩ ডলার থেকে ৭০৬ ডলার (৪২ হাজার ৮২০ টাকা থেকে ৮৫ হাজার ৬০০ টাকা) পর্যন্ত খরচ করতে হবে। গ্রুপ পর্ব ও শেষ ৩২ পর্বের টিকিটের দাম থাকবে ৮২ ডলার থেকে ২৫৯ ডলারের (৯ হাজার ৯০০ টাকা থেকে ৩১ হাজার ৪০০ টাকা) মধ্যে। শেষ ষোলো পর্বের ম্যাচ মাঠে বসে উপভোগ করতে গুনতে হবে ১১৮ ডলার থেকে ৩১৮ ডলার (১৪ হাজার ৩০০ টাকা থেকে ৩৮ হাজার ৫০০ টাকা)। আর কোয়ার্টার ফাইনালের ম্যাচর জন্য টিকিটপ্রতি খসাতে হবে ২৩৫ ডলার থেকে ৪৯৪ ডলার (২৮ হাজার ৫০০ টাকা থেকে ৫৯ হাজার ৯০০ টাকা) সেমিফাইনালের টিকিটের মূল্য নির্ধারণ কড়া হয়েছে ৪১২ ডলার থেকে ১ হাজার ১১৮ ডলার (৪৯ হাজার ৯০০ টাকা থেকে ১ লাখ ৩৫ হাজার ৬০০ টাকা)। আর ফাইনাল ম্যাচে মাঠে বসে দেখতে চাইলে গুনতে হবে ৭০৬ ডলার থেকে ১ হাজার ৮৮২ ডলার (৮৫ হাজার ৬০০ টাকা থেকে ২ লাখ ২৮ হাজার ৩০০ টাকা)। এছাড়া ভিআইপি ও হসপিটালিটি প্যাকেজের মাধ্যমেও টিকিট বিক্রির পরিকল্পনা করেছে ফিফা। এক্ষেত্রে যুক্তরাষ্ট্র ভেন্যু সিরিজ প্যাকেজের মাধ্যমে একক আয়োজক শহরে ৪ থেকে ৯ ম্যাচ উপভোগ করতে সর্বনিম্ন দাম ৮ হাজার ২৭৫ ডলার (১০ লাখ ৩ হাজার ৮০০ টাকা) খরচ করতে হবে। এছাড়া বিশ্বকাপে অংশগ্রহণকারী দলগুলোর মধ্যে কোনো নির্দিষ্ট একটি দলের সব ম্যাচ মাঠে বসে দেখতে চাইলে আপনাকে নিতে হবে ফলো মাই টিম সিরিজ প্যাকেজ। নির্দিষ্ট একটি দলের গ্রুপ পর্বের সব ম্যাচ (স্বাগতিক দল বাদে) দেখার খরচ পড়বে সর্বনিম্ন দাম ৬ হাজার ৭৫০ ডলার (৮ লাখ ১৮ হাজার ৯০০ টাকা)।

## স্বরাষ্ট্র উপদেষ্টা

দুটি গাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে।” তিনি আরও বলেন, “অন্যান্য সময় হরতালে এর চেয়ে অনেক বেশি ক্ষতি হয়। কিন্তু এবার ক্ষতির পরিমাণ অনেক কম হয়েছে। আমরা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে পেরেছি।” গোপালগঞ্জে সেনাবাহিনীর গুলি ছোড়ার বিষয়ে স্বরাষ্ট্র উপদেষ্টা জানান, “যে সময় যে পরিস্থিতি, সেই অনুযায়ী ব্যবস্থা নিতে হয়। পরিস্থিতিগত কারণেই সেখানে সেনাবাহিনীকে গুলি চালাতে হয়েছে।” গণগ্রেফতারের অভিযোগ প্রসঙ্গে তিনি বলেন, “গণগ্রেফতার হচ্ছে না। যারা দোষী, তাদেরকেই আইনের আওতায় আনা হচ্ছে।” তিনি জানান, গোপালগঞ্জে জারিকৃত ১৪৪ ধারা ধাপে ধাপে প্রত্যাহার করা হবে। শেষে স্বরাষ্ট্র উপদেষ্টা দাবি করেন, দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি আগের তুলনায় অনেক উন্নত হয়েছে এবং সরকার অত্যন্ত দক্ষতার সঙ্গে পরিস্থিতি সামাল দিচ্ছে।

# ৬ বছর পর ঈশিতার নতুন গান

বিনোদন প্রতিবেদক

তিনি একাধারে অভিনেত্রী, গায়িকা, নৃত্যশিল্পী এবং নির্মাতা হিসেবে কাজ করছেন। নব্বইয়ের দশক থেকে তিনি অভিনয় ও গান দুটোতেই জনপ্রিয়। সর্বশেষ ৬ বছর আগে একটি মৌলিক গান প্রকাশিত হয়েছিল। আবারও নতুন গান নিয়ে ফিরছেন টিভি নাটকের প্রিয়মুখ অভিনেত্রী রুমানা রশিদ ঈশিতা। ঈশিতার নতুন গানের শিরোনাম ‘রুপোর ঝলক’। গানটি লিখেছেন আসিফ ইকবাল, সুর ও সংগীত করেছেন অমিত চ্যাটার্জি ও ইশান মিত্র।

মূলত এই গানটি তানিম রহমান অংশু পরিচালিত সদ্য ইউটিউবে প্রকাশিত ‘নসিব’ নামক ইউটিউব ফিল্মে ব্যবহৃত হয়েছে। ফিল্মটি ইউটিউবে প্রকাশিত হয়েছে গত ১০ জুলাই। আর গানটি প্রকাশিত হয়েছে ঠিক এক সপ্তাহ পর।



ঈশিতা বলেন, ‘এই গানটি করা হয়েছে আজ থেকে দুই বছরেরও বেশি সময় আগে। আমি যখন ‘কেন’ নামক নাটকটিতে অভিনয় করি, সেই সময়ই মূলত গানটি গাওয়ার জন্য প্রস্তাব আসে। গানটা শুনে আমার ভালো লেগেছিল। তাছাড়া আমরা অনেকেই আসিফ ইকবালের লেখা গানের ভক্ত। তো আমাকে যখন এই গানটি গাওয়ার জন্য বলা হয়, আমি তখন ভীষণ সম্মানিত বোধ করেছিলাম। সেই সময় গানটা নিয়ে বেশ পরিকল্পনা ছিল। তিনি আরও বলেন, ‘মাঝখানে আমি পারিবারিক কাজে অনেক ব্যস্ত ছিলাম। পরে কয়েক দিন আগে আমাকে যখন আমার এই গানটি নসিব নামক ইউটিউব ফিল্মে ব্যবহার করার জন্য বলা হলো, তখন আমার মনে হলো কেন নয়। এভাবেই নসিবের সঙ্গে আমার এই গানটি যুক্ত হয়ে যাওয়া। প্রকাশের পর টুকটাক বেশ ভালো সাড়া পাচ্ছি। ভাবছি যেহেতু অনেক দিন বিরতির পর নতুন একটি মৌলিক গান প্রকাশ পেয়েছে; আরও কয়েকটা মৌলিক গান করা যেতেই পারে। দেখা যাক কী হয়।’

জনতা ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টার
জেনারেল হাসপাতাল রোড, বিএডিসি'র সামনে, মেহেরপুর
ডাঃ ফারহানা ফেরদৌসী
নবজাতক, শিশু, কিশোর ও কিশোরী রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন : প্রতিদিন সকাল ১০ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত।
ডাঃ মোঃ মাহমুদুর রহমান (শিমুল)
রোগী দেখেন : প্রতিদিন দুপুর ২ টা থেকে বিকাল ৫টা পর্যন্ত (শুক্রবার বাদে)।
ডাঃ মোছাঃ সাদিয়া আফরিন (সোমা)
স্ত্রী, প্রসূতি ও বন্ধ্যাত্ব রোগ চিকিৎসক সার্জন
রোগী দেখেন : প্রতিদিন দুপুর ৩ টা থেকে বিকাল ৬টা পর্যন্ত (শুক্রবার বাদে)।
ডাঃ মোঃ আফজালুর রহমান সিদ্দিকী (মুকুল)
চর্ম, যৌন ও এলার্জি রোগ বিশেষজ্ঞ
রোগী দেখার সময় প্রতি মঙ্গলবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

রাজশাহী ডায়াগনস্ট্রিক সেন্টার
জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর
সিরিয়াল : ০১৭৯২-১০৭৯৫০, ০১৭১৪-৮০৮৬১১
ডাঃ ফাতেমা জান্নাত
এমবিবিএস (ঢাকা) সিএমমইউ আল্ট্রা, পিজিটি (শিশু), মেডিশিন ও গাইনী
মেডিকেল অফিসার, রাজশাহী ডায়াগনস্ট্রিক সেন্টার, মেহেরপুর।
রোগী দেখেন : প্রতিদিন সকাল ৯ টা থেকে দুপুর ২টা ও বিকাল ৪ টা থেকে রাত ৮ টা।
ডা রবিউল ইসলাম আবির
এমবিবিএস (ঢাকা) সিএমমইউ আল্ট্রা
রোগী দেখেন : প্রতিদিন সকাল ১০ টা থেকে রাত ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিকেল অফিসার মেহেরপুর জেনারেল হাসপাতাল
রোগী দেখেন : প্রতিদিন দুপুর ২ টা থেকে রাত ৮ টা।
ডাঃ আকতার উজ্জামান
এমবিবিএস, ডিএমসি, ডিএমইউ( আল্টা)
রোগী দেখেন : প্রতিদিন সকাল ১০ - দুপুর ১ টা ও বিকাল ৪টা- সন্ধ্যা ৭ টা।

মাইক্রোপ্যাথ ল্যাব
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর।
মোবাইল: ০১৭২৬-৪০৫৩০৪, সিরিয়াল: ০১৭৮৮-২২১৩৩৫
ডাঃ সোনিয়া আহমেদ
গাইনী ও প্রসুতি বিশেষজ্ঞ ও সার্জন
ডাঃ মোঃ শাহিদুল ইসলাম (শাহিদ)
মেডিসিন, হৃদরোগ (হার্ট), বাতজ্বর ও ডায়াবেটিস বিশেষজ্ঞ
ডাঃ মোঃ মাহবুবুর রহমান
মেডিসিন ও ক্রিটিক্যাল কেয়ার বিশেষজ্ঞ
রোগী দেখেন: প্রতি শনি থেকে বৃহস্পতিবার দুপুর ২:৩০ - বিকাল ৫:৩০ পর্যন্ত।
ডাঃ শাহারিয়া শায়লা
গাইনী, প্রসুতি, স্ত্রীরোগ বিশেষজ্ঞ ও সার্জন


কাফুর
ড্রিংকিং ওয়াটার
বিশুদ্ধ পানির বিশ্বস্ত নাম
হোটেল বাজার,
যাদবপুর রোড, মেহেরপুর
বিনামূল্যে হোম ডেলিভারি সুবিধা!
সরাসরি ঘরে পৌঁছে দিন বিশুদ্ধ পানির নিশ্চয়তা
RO ফিল্টার প্রযুক্তিতে বিশুদ্ধকর
স্বাস্থ্যসম্মত বোতল
দ্রুত সরবরাহ
আজই অর্ডার করুন!
ডেলিভারি হটলাইন:
০১৯২৩-১২১২৯১
০১৯২৩-১২১২৯৮
অফিস যোগাযোগ: ০১৯২৩-১৩১৩৫৪

করবি ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টার
সততা সুপার মার্কেট ( হাজি ইছার উদ্দিনের মার্কেট)
বামুন্দি বাজার, গাংনী, মেহেরপুর। সিরিয়াল : ০১৭০৮-১০১৮১৩
ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান
নিউরো মেডিসিন ও উচ্চ রক্ত চাপ ডায়াবেটিস,স্ট্রোক প্যারালাইসিস রোগের চিকিৎসা।
এমবিবি এস ( ঢাকা মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য), ইসিআরডি ( সুইজারল্যান্ড), এমএসিপি (আমেরিকা), (এমডি ফিজিক্যাল মেডিসিন), কনসালটেন্ট। কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
রুগী দেখেন: প্রতি বুধবার দুপুর ২ টা থেকে রাত ৮ টা।
ডাঃ ইশরাত জেরিন (ইভা)
বন্ধ্যাত্ব, ঋতু স্রাব, অনিয়মিত মাসিক, গর্ভবতি মা ও শিশু, স্ত্রী ও প্রসুতি রোগে অভিজ্ঞ
এমবিবিএস, পিজিটি (গাইনী এন্ড অবস) , সিএমইউ (আল্ট্রা), স্ত্রী ও প্রসুতী রোগের বিশেষ অভিজ্ঞ
রুগী দেখেন: প্রতি সোমবার দুপুর ২:০০ টা থেকে রাত ৮ পা পর্যন্ত

রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-৩৭৭১৯১, ০১৭৪০-৩৮৮৭৮৯
যে সকল ডাক্তারগণ নিয়মিত সেবা প্রদান করছেন
ডাঃ বি ডি দাস (পিকলু)
এম. বি. বি. এ. বি. সি. এস (স্বাস্থ্য), সি. এস. ইউ (আল্ট্রাসনো)
বাত ব্যাথ্যা, শিরা ও সার্জারী রোগের চিকিৎসক।
রোগী দেখার সময় : প্রতিদিন বেলা ২ টা হতে সন্ধ্যা ৭ টা।
ডা. মো: আব্দুল আল মারুফ
এমবিবিএস (রাজ) বিসিসে স্বাস্থ্য,এফসিপিএস(শিশু) শেষ পর্ব, এমএস শিশু. সার্জারী কোর্স বিএসএমএম ইউ, সিসিডি বার্ডেম, পিজিপিএন, শিশু পুস্টি ( বোস্টান ইউনিভুরসিটি আমেরিকা)
রোগী দেখার সময় : প্রতি বৃহস্পতিবার দুপুর ৩টা থেকে সন্ধ্যা ৬ টা
ডাঃ ইসরাত জেরিন ইভা
এম. বি. বি. এস. পি. জি. টি (গাইনী অ্যান্ড অবস্) , সি. এম. ইউ (আল্ট্রা)
গাইনী প্রসুতি মেডিসিন রোগের চিকিৎস, ( আবাসিক মেডিকেল অফিসার)
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা হতে বিকাল ৫ টা।
পুস্টিবিদ: তরিকুল ইসলাম
বিপিএচ(নিউট্রিশন).এমপি এইচ(নিউট্রিশন), সিএমইউ এন্ড ডিএমইউ (আল্ট্রা), ডিপ্লমা ইন মেডিকেল ফ্যাকালটি, পুষ্টি বিশেষজ্ঞ
আমাদের সেবাসুমহ : বিষেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ, কম্পিউটারাইজড প্যাথলজী, ডিজিটাল আল্ট্রাসনোগ্রাফী,হরমোন পরীক্ষা, ইসিজি এক্স-রে ও স্বল্প খরছে অপারেশন করা হয়

মুক্তি ডায়াগনস্টিক সেন্টার
গাংনী মহিলা ডিগ্রী কলেজ রোড, গাংনী, মেহেরপুর।
ডা: মো: মাহবুবুর রহমান
মেডিসিন, ডায়াবেটিস, এ্যাজমা, উচ্চ রক্তচাপ ও হৃদরোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত
ডা: আলাউদ্দিন- আল আজাদ
হাড় জোড়া, বাত ব্যাথা, ঘাড় ব্যাথা, মাজা ব্যাথা, শিরা রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত
ডাঃ শিযু সাহিদা শাপলা
গাইনী,প্রসুতি ও স্ত্রী রোগবিশেষজ্ঞ
ডা: এস.এম. মঞ্জুরুল আলম
হাড় জোড়া, বাত ব্যাথা, ঘাড় ব্যাথা, শিরা রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতি শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত

মেসার্স রুশি ফার্মেসী

প্রোপাইটার মোঃ রিনু
এখানে সকল প্রকার দেশি-বিদেশি ঔষধ সুলভ মূল্যে বিক্রিকরা হয়।
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল গেট মেহেরপুর
মোবাইল: ০১৭১১-৩১২২৩৫, ইমেইল:rinu000974@gmail.com

বিসমিল্লাহ্ ফামেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু

সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

ত্রয়ী স্টোর এন্ড বুটিকস
স্টাইলে থাকুন, ট্র্যাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি–
ত্রয়ী তে পাওয়া যায় ট্র্যাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
এক্সক্লুসিভ বুটিক পোশাক
হাতে তৈরি দেশি জামাকাপড়
দেশি-বিদেশী কসমেটিকস
কুকারিজ আইটেম
ইউনিক গিফট আইটেম
কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা

ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে
কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫

আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
ডাঃ আব্দুল্লাহ আল রশিদ
চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ।
রোগী দেখেনঃ প্রতি সোমবার দুপুর ২.৩০ টাথেকে বিকাল ৫ টা পর্যন্ত
ডাঃ সাজিয়া আফরিন(সিমি)
গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন।
ডাঃএম. এম. জাহিদুল ইসলাম
উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি.
ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষতও পি আর পিচিকিৎসা দেওয়া হয়
রোগী দেখার সময়ঃ শনি-বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত
ডাঃ আসাদুল্লাহ-আল-গালিব
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট)
মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যাথা ও বাত ব্যাথাবিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ
রোগী দেখার সময়ঃ প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত

মোল্লা ডায়াগনষ্টিক এন্ড কনসালটেশন সেন্টার
হাসপাতাল বাজার (পোস্ট অফিসের পশ্চিমে) গাংনী, মেহেরপুর।
সিরিয়ালের জন্য: ০১৭৯৮-০১০৭০৭
ডাঃ মোঃ মশিউর রহমান মোল্লা
ডাঃ মোঃ আলী হায়দার
ডাঃ মোঃ আফজালুর রহমান সিদ্দিকী (মুকুল)
ডাঃ মোঃ সেলিম উদ্দীন
ডাঃ মোঃ ফারুক হোসেন

নিউ স্কায়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
মেডিসিন, নিউরো,বক্ষব্যাধি,ডায়াবেটিস,গ্যাস্টলিভার,ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
এমবিবিএস(আরইউ),ডিএফএম(বিসিএমইউ),এফসিপিএস পার্ট- ১, পিজিটি(মেডিসিন), সিসিডি(বারডেম),
রুগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ,ব্যাত ব্যাথা, ডায়াবেটিস,লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
এমবিবিএস(ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ(আল্ট্রা)
রুগী দেখেন :প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা।
ডাঃ তাসমেরী নাহার
স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ চিকিৎসক , এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন : প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডা: সেজুঁতি মেহেতোজ
নি:সন্তান, বন্ধ্যাত্ব,গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের চিকিৎসক
এমবিবিএস(রাজশাহী),বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিসিন, বাতজ্বর,উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, সোমবার, ২১ জুলাই ২০২৫ ইং

## চিকিৎসা ক্ষেত্রে প্রতারণা মানবিকতা ও আইনবিরোধী অপরাধ

মেহেরপুর জেলার একটি বেসরকারি ডায়াগনস্টিক সেন্টারের চেম্বার চিকিৎসক ডা. বেলাল হোসেন সুমনের বিরুদ্ধে চিকিৎসা অনিয়ম, ভুয়া ডিগ্রি ব্যবহার ও স্টেরয়েড ইনজেকশনের অপব্যবহারের যে অভিযোগ উঠেছে। এ অভিযোগ শুধু পেশাগত দায়িত্বে অবহেলা নয়, বরং সরাসরি প্রতারণা ও মানবাধিকার লঙ্ঘনের শামিল। চিকিৎসা একটি মানবিক পেশা, যেখানে রোগীর জীবন ও সুস্থতা সবচেয়ে বড় বিবেচ্য বিষয়। কিন্তু যখন একজন চিকিৎসকই সেই আস্থার জায়গাটি ভেঙে ফেলেন, তখন পুরো সমাজই এক অনিরাপদ অবস্থার মুখোমুখি হয়। স্থানীয়দের অভিযোগ, ডা. সুমন নিয়মিতভাবে বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) স্বীকৃত নয় এমন বিভ্রান্তিকর ডিগ্রি ব্যবস্থাপত্রে ব্যবহার করেন। এটি শুধু রোগীদের বিভ্রান্ত করে না, বরং আইন পরিপন্থীও বটে। এ ছাড়া স্টেরয়েড জাতীয় ইনজেকশন যেমন ট্রায়ালন, ডিপ্লাকর্ট, কর্টিফ্লো ইত্যাদি অতিরিক্ত ব্যবহারে বহু রোগীর শরীরে ক্ষতির আশঙ্কা দেখা দিয়েছে। এটা চিকিৎসাবিজ্ঞানের নীতিমালার সম্পূর্ণ পরিপন্থী। চিকিৎসা বিশেষজ্ঞরা বহুবার সতর্ক করেছেন, স্টেরয়েডের অনিয়ন্ত্রিত প্রয়োগ কিডনি, লিভার, হৃদযন্ত্র এমনকি রোগ প্রতিরোধ ব্যবস্থার মারাত্মক ক্ষতি করতে পারে। চিকিৎসার নামে এই ধরনের অব্যবস্থাপনা এবং অর্থ-লোভী আচরণ শুধু রোগীদের ক্ষতিগ্রস্ত করে না, এটি গোটা চিকিৎসা ব্যবস্থার প্রতি মানুষের আস্থা কমিয়ে দেয়। একারণে অনেকেই এখন প্রয়োজনীয় চিকিৎসা থেকেও বিরত থাকেন চিকিৎসকদের প্রতি অনাস্থা থেকে। এই অবস্থার জন্য দায়ী হন তারাই, যারা নিজেদের লাভের জন্য পেশাগত ও নৈতিক মূল্যবোধ বিসর্জন দেন। এই ধরনের অভিযোগের ক্ষেত্রে কঠোর তদন্ত ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ জরুরি। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিশেষ করে বিএমডিসি, স্বাস্থ্য অধিদপ্তর এবং মেহেরপুর জেলা প্রশাসন এমন ঘটনার নিরপেক্ষ তদন্ত করে দায়ীদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে, এই প্রত্যাশা রাখি। জনগণের জীবনের সঙ্গে সম্পর্কিত কোনো পেশায় অবহেলা, মিথ্যাচার বা প্রতারণা বরদাশতযোগ্য নয়। চিকিৎসা ক্ষেত্রে স্বচ্ছতা, জবাবদিহি এবং নৈতিকতা নিশ্চিত করতে না পারলে সমাজের সর্বস্তরেই তার বিরূপ প্রভাব পড়বে। আমাদের এখনই জেগে উঠতে হবে, নইলে এই অবক্ষয়ের খেসারত দিতে হবে অনেক

## দিনে চুরি, রাতে অন্ধকার -

মেহেরপুরের মদনাডাঙ্গায় নির্মাণাধীন ১৩২/৩৩ কেভি সাবস্টেশন প্রকল্পেও চুরির ঘটনা ঘটেছে। কুষ্টিয়া থেকে মদনাডাঙ্গা পর্যন্ত লাইনের এক কিলোমিটার অংশ থেকে দুই দফায় বিদ্যুতের তার চুরি হয়ে যায়। এতে পুরো প্রকল্পের অগ্রগতিতে বিপর্যয় দেখা দেয়। শুধু বাসা-বাড়ির তার নয়, কৃষিজমিতে পানি সেচের জন্য ব্যবহৃত ট্রান্সফরমারও চক্রটির নিশানায়। স্থানীয় কৃষক রামজ উদ্দিন বলেন, "আগে তারা মাঠের ট্রান্সফরমার খুলে দামি কপার তার চুরি করত, এখন সরাসরি বাড়ির মিটার টার্গেট করছে।" স্থানীয়দের ভাষ্যমতে, এ চক্রের সঙ্গে জড়িত রয়েছে এলাকার কিছু বখাটে, মাদকাসক্ত যুবক ও অসাধু ভাঙড়ি ব্যবসায়ী। তাদের নেটওয়ার্ক এতটাই বিস্তৃত যে দিনের আলোতেও তারা নির্দ্বিধায় চুরি করে। অধিকাংশ সময় এসব ঘটনার কোনো লিখিত অভিযোগ থানায় করা হয় না, আর যারা করে, তারা পান না কোনো কার্যকর সাড়া। তবে এলাকাবাসীর অভিযোগ, চোরদের তৎপরতা বাড়লেও পুলিশ তেমন কোনো তৎপরতা দেখাচ্ছে না। বরং প্রশাসনের নিষ্ক্রিয়তা চোরদের আরও বেপরোয়া করে তুলেছে। বাড়ির মালিক, কৃষক, ব্যবসায়ী থেকে শুরু করে সাধারণ মানুষ ক্ষুব্ধ ও আতঙ্কিত। তারা বলছেন, চুরির ঘটনা যেভাবে বেড়ে চলেছে, তা এখনই দমন না করলে একসময় পুরো জেলাকে অন্ধকারাচ্ছন্ন করে দেবে। বিশেষজ্ঞদের মতে, তার চুরি শুধু আর্থিক ক্ষতি নয়, এর মাধ্যমে বাড়ছে মারাত্মক দুর্ঘটনার আশঙ্কাও। অসম্পূর্ণ সংযোগ থেকে যে কোনো সময় শর্টসার্কিট, অগ্নিকাণ্ড বা প্রাণহানি ঘটতে পারে। মেহেরপুর সদর থানার ওসি মেজবাহ উদ্দীন বলেন, "এ পর্যন্ত আমরা একটি অভিযোগ পেয়েছি। আমরা চোরদের শনাক্ত করতে চেষ্টা করছি।"

## মেহেরপুর জেলা বিএনপিতে

অস্বীকার করে উল্টো মাসুদপন্থিদের বিরুদ্ধে দলের মধ্যে ভাঙন সৃষ্টির অভিযোগ তুলছেন। মেহেরপুরের রাজনীতি বরাবরই সক্রিয়। কিন্তু বিএনপির এই অন্তঃকলহ মাঠপর্যায়ের রাজনীতিতে স্থবিরতা এনে দিয়েছে। কর্মীরা দিশেহারা, নেতৃত্ব বিভক্ত, কর্মসূচি বিভক্ত সব মিলিয়ে বিএনপি আজ গন্তব্যহীন এক যাত্রায়। রাজনৈতিক প্রতিপক্ষ এ সুযোগ কাজে লাগাতে যে পিছপা হবে না, তা বলার অপেক্ষা রাখে না। তৃণমূল পর্যায়ে নেতৃত্ব যখন বিভক্ত হয়, তখন তার প্রভাব পড়ে সমগ্র সংগঠনের ওপর। এই দ্বন্দ্বে শুধু সংগঠন দুর্বল হচ্ছে না, বরং নেতাকর্মীদের মাঝে আস্থাহীনতা তৈরি হচ্ছে। যাঁরা রাজপথে বিএনপির জন্য লড়েছেন, এখন তারা হয় নীরব, নয়তো ভিন্নমতের শিকার। এই সংকটের মূল দায় অনেকেই কেন্দ্রীয় নেতাদের ওপর দিচ্ছেন। কারণ, দীর্ঘদিন ধরে জেলা নেতাদের মধ্যকার বিরোধ জেনেও তারা কোনো কার্যকর হস্তক্ষেপ করেননি। বরং কিছু ক্ষেত্রে কেন্দ্রের সিদ্ধান্তই বিভাজনকে তীব্র করেছে। মাসুদ অরুণকে কমিটিতে রাখা হলেও কামরুল-জাভেদদের নেতৃত্বেই মূল কমিটি গঠন, এই দ্বৈত অবস্থান আরও সংঘাত ডেকে এনেছে। দলকে এই সংকট থেকে বের করতে হলে কেন্দ্রীয় বিএনপিকে এখনই কার্যকর পদক্ষেপ নিতে হবে। একটি নিরপেক্ষ তদন্ত কমিটি গঠন করে দুই পক্ষের অভিযোগ শুনে একটি গ্রহণযোগ্য সমাধানে পৌঁছানো জরুরি। দুই পক্ষকেই আলোচনায় বসাতে হবে এবং একটি অন্তর্বর্তী ঐক্যমূলক কমিটির উদ্যোগ নিতে হবে। রাজনীতিতে মতপার্থক্য থাকবেই, তবে সেটা যদি বিভাজনে রূপ নেয়, তাহলে তা আত্মঘাতী। মেহেরপুর জেলা বিএনপির বর্তমান সংকট সেই আত্মঘাতী বিভাজনের একটি দৃষ্টান্ত। যদি দ্রুত এ দ্বন্দ্বের সমাধান না হয়, তবে আসন্ন জাতীয় আন্দোলন বা নির্বাচনে জেলা বিএনপি এক বিপর্যয়ের মুখোমুখি হবেড়়যার দায় শুধু স্থানীয় নয়, কেন্দ্রীয় নেতৃত্বকেও নিতে হবে।

## মেহেরপুরে আ.লীগ ও সহযোগী

কর্মকর্তারা। গ্রেফতারকৃতদের মধ্যে রয়েছেন মুজিবনগরের মোনাখালী ইউনিয়ন ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক শেখ আবু সাইদ (২৫), গাংনীর তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম (৪৮), একই উপজেলার রামনগর গ্রামের ওয়ার্ড কৃষক লীগের সভাপতি আব্দুল মান্নান (৫০), নওপাড়া গ্রামের আওয়ামী লীগ সমর্থক আবুল বাসার (৩৮), হেমায়েতপুর গ্রামের আসাদুল হক (৫৫) এবং মেহেরপুর পৌর শহরের ৮ নম্বর ওয়ার্ডের আওয়ামী লীগ সমর্থক অঙ্কুস (২৮)।

অভিযানের সঙ্গে সংশ্লিষ্ট সূত্র জানায়, গ্রেফতারকৃতরা পূর্ব থেকেই সন্ত্রাস বিরোধী আইনে মামলাভুক্ত এবং বেশ কিছু মামলা এখনও তদন্তাধীন রয়েছে। গোপন তথ্যের ভিত্তিতে ধারণা করা হচ্ছে, তারা আবারও নাশকতামূলক কর্মকাণ্ডে জড়াতে পারে এমন আশঙ্কা থেকেই তাদের গ্রেফতার করা হয়েছে। মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আব্দুল করিম বলেন, "গ্রেফতারকৃতরা প্রত্যেকেই আদালতের পলাতক আসামি। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়েছে। আদালতের নির্দেশনা অনুযায়ী পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।"

## জেলা প্রশাসনের পাঁচ কমিটির সভা

প্রশাসনিক স্বচ্ছতা বিষয়ক নানা দিক নিয়ে বিস্তৃত আলোচনা হয়। সভায় বিভিন্ন দফতরের অগ্রগতি, চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরা হয়। তথ্য প্রযুক্তির ব্যবহার জোরদার করা, শিক্ষা ও স্বাস্থ্য খাতকে আধুনিকায়নের সুপারিশ করা হয়। পরিবার পরিকল্পনা খাতে সেবার পরিধি বৃদ্ধির পাশাপাশি সচেতনতামূলক কার্যক্রম আরও বিস্তৃত করার সিদ্ধান্ত হয়। সভাগুলোতে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবীর, সিভিল সার্জন ডা. আবু সাঈদ, মহিলা কলেজের উপাধ্যক্ষ প্রফেসর মোঃ আবদুল্লাহ আল আমিন, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, গাংনী ইউএনও মোঃ আনোয়ার হোসেন, মুজিবনগর ইউএনও পলাশ মন্ডল, জেলা শিক্ষা অফিসার হযরত আলী, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার রুহুল আমিন, সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক আসাদুল ইসলাম, জেলা কমান্ডেন্ট কামরুজ্জামান এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক রুহুল আমিন।

## সংগ্রামে অবিচল পারভেজ পাভেল তপন

রাব্বি আহমেদ



জাতীয়তাবাদী রাজনীতির পরিচিত মুখ পারভেজ পাভেল (তপন)। একাধারে রাজনীতিক, সংগঠক ও সমাজসেবক। মেহেরপুর জেলা বিএনপির ছাত্ররাজনীতি থেকে জাতীয় নেতৃত্বড়এই দীর্ঘ পথচলায় তিনি কখনো আপস করেননি নীতি ও আদর্শের সঙ্গে। রাজনৈতিক বিশ্বাসে দৃঢ়, নেতৃত্বে বলিষ্ঠ এবং কর্মীদের প্রেরণার উৎস হয়ে ওঠা এই নেতার পরিচিতি ছড়িয়ে পড়েছে দেশের গণ্ডি পেরিয়ে প্রবাসেও।

২০০১ সালে মেহেরপুর জেলা ছাত্রদলের মাধ্যমে তাঁর রাজনৈতিক পথচলা শুরু। এরপর সময় যত গড়িয়েছে, তিনি হয়ে উঠেছেন বিএনপির একজন নির্ভরযোগ্য কর্মী ও সংগঠক। ১/১১-এর সেনা-সমর্থিত সরকারের সময় তিনি প্রবাসে যেতে বাধ্য হলেও রাজনীতি থেকে বিচ্ছিন্ন হননি এক মুহূর্তের জন্যও। দেশ-দল-আন্দোলনড় সবকিছুর সাথেই থেকে গেছেন সক্রিয়ভাবে। প্রবাসেও আন্দোলনের কণ্ঠ : ২০১৪-১৫ সালের দুঃশাসনের সময় এবং ২০১৮ সালের 'ভোটারবিহীন নির্বাচনের' আগে দেশে ফিরে আন্দোলনে সক্রিয় অংশগ্রহণ ছিল তাঁর সাহসী সিদ্ধান্ত। রাজনৈতিক কৌশল নির্ধারণ, কর্মীদের মনোবল জোগানো কিংবা রাজপথে নেতৃত্বড়সবখানেই ছিল তাঁর জোরালো উপস্থিতি। ২০২৪ সালের ২৪ জুলাইয়ের



গণআন্দোলনে প্রবাস থেকে রেমিট্যান্স শাটডাউনের ডাক দিয়ে আন্দোলনকারীদের পাশে দাঁড়িয়ে অনন্য নজির স্থাপন করেন। তাঁর জ্বালাময়ী বক্তব্য সেই আন্দোলনের নতুন প্রেরণা হয়ে ওঠে। পারিবারিক রাজনীতি ও জনসেবার উত্তরাধিকার: পারভেজ পাভেল বেড়ে উঠেছেন এক রাজনৈতিক পরিবারে। পিতা মতিয়ার রহমান মোল্লা ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক সম্পাদকমণ্ডলীর সদস্য ও ইউপি সদস্য। মা রিজিয়া খাতুন ছিলেন মহিলা দলের সাবেক সহ-সভাপতি এবং জনপ্রতিনিধি। দাদা আজিমুদ্দিন মোল্লা ও নানা ডা. নিয়ামুতুল্লাহ উভয়েই ছিলেন নির্বাচিত জনপ্রতিনিধি। এই পারিবারিক ঐতিহ্য থেকেই এসেছে তাঁর নেতৃত্বের বীজ। সমাজসেবায়ও সমান সক্রিয় : রাজনীতির পাশাপাশি সামাজিক সংগঠন "একটু পাশে দাঁড়াই"-এর মাধ্যমে অসহায় মানুষের পাশে থেকেছেন সবসময়। কুষ্টিয়া-মেহেরপুর এলাকায় গড়ে তুলেছেন সহমর্মিতা-ভিত্তিক মানবিক নেটওয়ার্ক। তার নেতৃত্বে অসংখ্য কর্মী এখন সামাজিক ও রাজনৈতিক কর্মকাণ্ডে জড়িত। সুস্পষ্ট উন্নয়ন ভাবনা: পারভেজ পাভেল তপন স্বপ্ন দেখেন :একটি সাম্প্রদায়িক সম্প্রীতির সমাজ, প্রতিটি ইউনিয়নে স্বাস্থ্যসেবা কেন্দ্র, যুবকদের জন্য প্রশিক্ষণ ও কর্মসংস্থান, মেধাবী ও দরিদ্র শিক্ষার্থীদের জন্য শিক্ষা সহায়তা, নারীদের আত্মনির্ভর করে তোলা এবং গ্রামীণ অবকাঠামো উন্নয়নের মাধ্যমে অর্থনৈতিক প্রবাহ বাড়ানোর উদ্যোগ। বর্তমানে তিনি বাংলাদেশ জাতীয়তাবাদী নাগরিক সমাজ কেন্দ্রীয় সংসদের সহ-সাধারণ সম্পাদক পদে দায়িত্ব পালন করছেন। সংগঠনের সাংগঠনিক শক্তি বৃদ্ধিতে তিনি কাজ করে চলেছেন দিনরাত। (নাগরিক টিভির সাংবাদিক)

# মানুষ হত্যাঃ এক অমার্জনীয় অপরাধ

রফিকুল ইসলাম

বর্তমান বাংলাদেশে মানুষ হত্যা উদ্বেগজনক হারে বাড়ছে। প্রতিদিনই খুন, ধর্ষণ, ছিনতাই ও চাঁদাবাজির মতো নৃশংস ঘটনার খবর শোনা যায়। এসব অপরাধ শুধু ব্যক্তিগত ক্ষতিই নয়, গোটা সমাজকেই নিরাপত্তাহীনতায় ফেলছে। পারস্পরিক বিশ্বাস হারাচ্ছে মানুষ। রাজনৈতিক অস্থিরতা, সামাজিক অবক্ষয় ও আইনশৃঙ্খলার দুর্বলতা এসব অপরাধ বৃদ্ধির বড় কারণ। ইসলাম শান্তির ধর্ম। এই ধর্মে মানুষ হত্যা কঠোরভাবে নিষিদ্ধ। পবিত্র কোরআনে আল্লাহতায়ালা ইরশাদ করেন, যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে কোনো মুমিনকে হত্যা করে, তার শাস্তি জাহান্নাম, যেখানে সে চিরকাল থাকবে।" (সুরা আন নিসাঃ ৯৩) আরও বলা হয়েছে, "যে কেউ প্রাণের বিনিময়ে প্রাণ বা সমাজে ধ্বংসাত্মক কাজ ছাড়া কাউকে হত্যা করে, সে যেন সমগ্র মানবজাতিকে হত্যা করল। আর যে কারও প্রাণ রক্ষা করে, সে যেন গোটা মানবজাতিকে রক্ষা করল।

" (সুরা মায়েদাঃ ৩২) এমনকি বিদায় হজের ভাষণে প্রিয়নবী হযরত মুহাম্মদ (সা.) বলেছেন, "তোমাদের রক্ত, সম্পদ ও সম্মান একে অপরের জন্য পবিত্রড়যেমন পবিত্র এই মাস, এই দিন ও এই শহর।" নবী করিম (সা.) আরও বলেন, "কেয়ামতের দিন সবচেয়ে আগে বিচার হবে রক্তপাত সংক্রান্ত অপরাধের।" (সহিহ বুখারি) ইচ্ছাকৃতভাবে কাউকে হত্যা করা শুধু একজন মানুষের জীবন নেয় না, বরং সমাজের শান্তি, ন্যায় ও মানবতাকেও ধ্বংস করে। ইসলাম এই অপরাধের জন্য কঠোর শাস্তির বিধান দিয়েছেড়প্রয়োজনে কিসাস (প্রতিশোধ) এবং চাইলে নিহতের পরিবার ক্ষতিপূরণ নিয়ে ক্ষমা করতে পারে।

আজ আমাদের সমাজে যদি শান্তি ও নিরাপত্তা ফিরিয়ে আনতে হয়, তাহলে কেবল আইনের কঠোর প্রয়োগ নয়ড়মানুষকে নৈতিক শিক্ষা দিতে হবে। ধর্মীয় মূল্যবোধ, পারিবারিক শিক্ষার চর্চা ও সামাজিক সচেতনতা বাড়াতে হবে। আমাদের মনে রাখা দরকার, অন্যায়ভাবে একজন মানুষকে হত্যা করা গোটা মানবতাকে হত্যা করার শামিল। আর একটি প্রাণ রক্ষা করা মানেই মানবতার জয়।

## বিয়ের আগের রাতে কনের বাড়িতে

ও ভুক্তভোগী পরিবারের সদস্যরা জানান, রাতে হঠাৎ বিদ্যুৎ চলে গেলে অন্ধকারের সুযোগ নিয়ে ১০ থেকে ১২ জন মুখোশধারী সশস্ত্র ডাকাত দল বাড়ির ভেতরে প্রবেশ করে। প্রথমেই তারা বাড়ির কর্তা বিধান রায়কে অস্ত্রের মুখে জিম্মি করে এবং পরে একে একে ঘুমন্ত অন্যান্য সদস্যদেরও বন্দি করে ফেলে। আতঙ্কগ্রস্ত অবস্থায় কেউ কোনো প্রতিরোধ গড়ার সুযোগই পায়নি। ডাকাতরা ঘরে থাকা আত্মীয়স্বজনদের কাছ থেকে প্রায় ১ দশমিক ৭ ভরি স্বর্ণালংকার, ৬ ভরি রুপা এবং ৬০ হাজার টাকার মতো নগদ অর্থ লুট করে। সবমিলিয়ে প্রায় ৩ লাখ টাকার মালামাল নিয়ে তারা দ্রুত স্থান ত্যাগ করে। বিধান রায় জানান, "বাড়িতে এত লোক থাকা সত্ত্বেও তারা অত্যন্ত সুসংগঠিতভাবে হঠাৎ করে হামলা চালিয়ে সবাইকে জিম্মি করে ফেলে। বিয়ের আনন্দের মুহূর্তে এমন ভয়াবহ ঘটনা মানসিকভাবে ভেঙে দিয়েছে আমাদের সবাইকে।" খোকসা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মঈনুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, "ডাকাতরা আত্মীয়স্বজনদের স্বর্ণালংকার ও টাকা লুট করলেও কনের গয়না নিতে পারেনি। বিষয়টি গুরুত্বসহকারে খতিয়ে দেখা হচ্ছে। পুলিশ ইতোমধ্যে ঘটনাস্থল পরিদর্শন করেছে এবং তদন্ত চলছে। এলাকাজুড়ে নজরদারি বাড়ানো হয়েছে।"

## আ. লীগের হরতালের প্রতিবাদে

আন্দোলন জনআন্দোলনে রূপ নিয়েছে। তাই তারা নাটক করে মানুষের দৃষ্টি ভিন্নদিকে নিতে চাইছে।" তিনি আরও বলেন, "গাংনীসহ সারা দেশের মানুষ পরিবর্তন চায়। জনগণ জেগে উঠেছে। এই আন্দোলন আর থামবে না।" এদিকে, নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে গাংনী থানার ওসি বানী ইসরাইল বলেন,"সকাল থেকেই বাজার এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন ছিল। বিএনপির মিছিল শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে। কোনো অপ্রীতিকর ঘটনার খবর নেই।"

## এনসিপির সংগঠকের ওপর হামলার

বাঁশখালী পৌরসভায় এসে তাদের ব্যানার ছিনিয়ে নিয়ে পুড়িয়ে দেন। তানভীর প্রতিবাদ করলে তাকে মারধর করা হয়। আহত তানভীর কাদের সিকদার বলেন, 'জুলাই পদযাত্রার সময় দুইটি সিএনজি অটোরিকশায় প্রচারণা চালাচ্ছিলাম। তখন বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক লেয়াকত আলীর অনুসারীরা এসে ব্যানার কেড়ে নেয় এবং আমার মাথায় আঘাত করে। মাথা ফেটে গেছে।' তবে লেয়াকত আলী হামলার অভিযোগ অস্বীকার করেছেন। তিনি বলেছেন, 'আমি ঢাকায় আছি এবং আমার নেতাকর্মীরা এমন কোনো ঘটনা ঘটায়নি। আমাদের কর্মীরা শান্তিপূর্ণ মশাল মিছিল শেষে বাড়ি ফিরেছেন। কেউ যদি হামলার কথা বলে, তা মিথ্যাচার।'

বাঁশখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সাইফুল ইসলাম ঘটনার খবর পেয়েছেন, তবে মাথা ফাটানো এবং ব্যানারে আগুন দেওয়ার বিষয়টি এখনও নিশ্চিত নন এবং বিস্তারিত খোঁজ নিচ্ছেন। এর আগে, নাসিরউদ্দীন পাটোয়ারীর বক্তব্যের জেরে চট্টগ্রাম মহানগর এবং জেলার বিভিন্ন উপজেলায় বিএনপি ও অঙ্গসংগঠনের পক্ষ থেকে বিক্ষোভ মিছিল হয়েছে। শনিবার রাত সাড়ে ১০টায় মহানগর ছাত্রদলের বিক্ষোভ মিছিল নগরীর বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। এছাড়াও পটিয়া, বাঁশখালী, আনোয়ারা সহ কয়েকটি উপজেলায় বিএনপির মিছিল অনুষ্ঠিত হয়। এনসিপির পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী রবিবার (২০ জুলাই) চট্টগ্রাম নগরীতে পদযাত্রা ও বিপ্লব উদ্যানে সমাবেশ অনুষ্ঠিত হবে।

## প্রমত্তা পদ্মার ভাঙনে কুষ্টিয়া-পাবনা

ঘরছাড়া হওয়ার শঙ্কায় দিন গুনছেন। ইতোমধ্যে নিম্নাঞ্চলের ফসলি জমি তলিয়ে গেছে। স্থানীয় বাসিন্দা আলাউদ্দিন জানান, গত দুই সপ্তাহে শত শত বিঘা জমি পদ্মা গর্ভে বিলীন হয়ে গেছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রফিকুল ইসলাম বলেন, "ক্ষতিগ্রস্ত এলাকা আমরা সরেজমিনে পরিদর্শন করেছি। এলাকাবাসীর আবেদনের ভিত্তিতে আমরা বিষয়টি পানি উন্নয়ন বোর্ডে পাঠিয়েছি। তারা দ্রুত ব্যবস্থা নেবে বলে আশ্বাস দিয়েছে।"

কুষ্টিয়া পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী রাশেদুর রহমান জানান, "তালবাড়ীয়া থেকে নয় কিলোমিটার এলাকায় স্থায়ীভাবে ভাঙন রোধে ১ হাজার ৪৭২ কোটি টাকা ব্যয়ে প্রকল্প চলমান রয়েছে। বাহিরচরের কিছু অংশে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের কারণে ভাঙনের গতি আরও বেড়েছে। বরাদ্দ পেলেই ভাঙন প্রতিরোধে কাজ শুরু হবে।" এদিকে টানা বৃষ্টিতে জেলার সব নদ-নদীর পানির স্তর বেড়েছে। যদিও হার্ডিঞ্জ ব্রিজ পয়েন্টে পদ্মার পানি এখনও বিপদসীমার নিচে রয়েছে, তবে প্রবল স্রোত ও ভাঙনের কারণে দুর্ভোগ বাড়ছে এলাকাবাসীর।

## ঋণের চাপে গৃহবধূর আত্মহনন

বেছে নেন বলে মনে করছেন প্রতিবেশীরা।ঘটনার পর এলাকাবাসী মরদেহ উদ্ধার করে পুলিশে খবর দেয়।

গাংনী থানার ওসি বনি ইসরাইল জানান, "ঘটনার খবর পেয়ে আমরা পুলিশ পাঠিয়েছি। প্রাথমিকভাবে এটি আত্মহত্যা বলেই ধারণা করছি। পরিবারের পক্ষ থেকে একটি অপমৃত্যু মামলা দায়ের করা হয়েছে।"

## ২১ জুলাই : কোটা নিয়ে হাইকোর্টের

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ১০ জন এবং নরসিংদীতে ৪, গাজীপুরে ২, নারায়ণগঞ্জে ১, সাভারে ১ ও চট্টগ্রামে ১ জনের মৃত্যুর খবর পাওয়া যায়। (সূত্রঃ ২২ জুলাই, প্রথম আলো)।

এদিন দেশের বিভিন্ন স্থানে আইনশৃঙ্খলা বাহিনী ও আওয়ামী লীগের নেতা-কর্মীদের সঙ্গে সংঘর্ষে কয়েকশ আন্দোলনকারী আহত হন, যাদের অনেকের অবস্থা সংকটাপন্ন ছিল। এছাড়া এদিন সিদ্ধিরগঞ্জে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে ১৯ গাড়িতে আগুন দেওয়া হয়।

২১ জুলাই চতুর্থ দিনের মতো সারা বাংলাদেশ ইন্টারনেটবিহীন এবং কারফিউ বলবৎ ছিল। এদিন ভোরে ঢাকার পূর্বাচল এলাকায় আন্দোলের অন্যতম সমন্বয়ক নাহিদ ইসলামকে পাওয়া যায় এবং পরে তাকে হাসপাতালে ভর্তি করা হয়। এর আগে শুক্রবার (১৯ জুলাই) দিবাগত রাত আড়াইটার দিকে রাজধানীর খিলগাঁও থেকে নাহিদ ইসলামকে আইনশৃঙ্খলা বাহিনীর পরিচয়ে তুলে নিয়ে যাওয়া হয়।

১৬ জুলাই রাষ্ট্রপক্ষের করা লিভ টু আপিলের পরিপ্রেক্ষিতে এদিন সকাল ১০টার দিকে সুপ্রিম কোর্টের আপিল বিভাগে এ বিষয়ে শুনানি শুরু হয়। সব পক্ষের শুনানি শেষে দুপুর ১টার দিকে রায় ঘোষণা করা হয়। এতে সরকারি চাকরিতে নিয়োগের ক্ষেত্রে কোটা পুনর্বহাল-সংক্রান্ত হাইকোর্টের রায় সামগ্রিকভাবে বাতিল (রদ ও রহিত) করা হয়।

রায়ে বলা হয়, কোটাপ্রথা হিসেবে মেধাভিত্তিক ৯৩ শতাংশ; মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের জন্য ৫ শতাংশ; ক্ষুদ্র নৃগোষ্ঠী ১ শতাংশ এবং প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের জন্য ১ শতাংশ নির্ধারণ করা হলো। তবে নির্ধারিত কোটায় যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সংশ্লিষ্ট কোটার শূন্য পদগুলো সাধারণ মেধাতালিকা থেকে পূরণ করতে হবে। এই নির্দেশনার আলোকে সরকারের নির্বাহী বিভাগকে অনতিবিলম্বে প্রজ্ঞাপন জারি করতে নির্দেশ দেন আপিল বিভাগ।

প্রধান বিচারপতি ওবায়দুল হাসানের নেতৃত্বাধীন সাত সদস্যের আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চ সর্বসম্মতিতে এ রায় দেন। রায়ে বলা হয়, এই নির্দেশনা ও আদেশ সত্ত্বেও সরকার প্রয়োজনে ও সার্বিক বিবেচনায় নির্ধারিত কোটা বাতিল, সংশোধন বা সংস্কার করতে পারবে।

কোটা ইস্যুতে আপিল বিভাগের দেওয়া রায়কে স্বাগত জানায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। রায়ের পর এ প্রতিক্রিয়ায় আন্দোলনের সমন্বয়ক সারজিস আলম জানান, আপিল বিভাগের রায়কে শিক্ষার্থীরা ইতিবাচক হিসেবে দেখছেন। তবে নির্বাহী বিভাগের সিদ্ধান্তকেই চূড়ান্ত হিসেবে দেখছেন তারা।

এদিকে এ রায়ের পর শাটডাউন কর্মসূচি প্রত্যাহার করে নেয় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। তবে চার দফা দাবি পূরণে বৈষম্যবারোধী ছাত্র আন্দোলনের সমন্বয়কেরা ৪৮ ঘন্টা সময় বেঁধে দেন। চার দফা দাবির মধ্যে ছিল- কারফিউ তুলে দেওয়া, ইন্টারনেট পরিষেবা চালু করা, বিশ্ববিদ্যালয় ও আবাসিক হল খুলে দেওয়া এবং আন্দোলনের সমন্বয়কদের নিরাপত্তা নিশ্চিত করা।

এদিন আন্দোলনে সংঘটিত হত্যাকাণ্ডের বিচারসহ আট দফা দাবি দ্রুত বাস্তবায়নে পদক্ষেপ নিতে সরকারকে আহ্বান এবং ২২ জুলাই (সোমবার) গায়েবানা জানাজা কর্মসূচির ঘোষণা দেন শিক্ষার্থীরা।

সরকারের ঘোষাণা অনুযায়ী, ২১ জুলাই সারাদেশে সাধারণ ছুটি ছিল। এ অবস্থায় সারা দশের পোশাক কারখানাসহ অন্য বড় শিল্প-কারখানাও বন্ধ রাখা হয়।

তৎকালীন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেন, ২২ জুলাই (সোমবার) কারফিউ বলবৎ থাকবে। দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত কারফিউ শিথিল থাকবে। ঢাকা জেলা ও মহানগর, গাজীপুর জেলা ও মহানগর এবং নারায়ণগঞ্জে কারফিউয়ের বিষয়ে সিদ্ধান্ত নেবে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। জেলা প্রশাসকরা পরিস্থিতি বিবেচনা করে কারফিউয়ের বিষয়ে সিদ্ধান্ত নেবেন।

চলমান পরিস্থিতি নিয়ন্ত্রণে আন্দোলনকালীদের দেখা মাত্র গুলি করার নির্দেশ দেয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়। এই পরিস্থিতেও এদিন রাজধানীর বাড্ডা, যাত্রাবাড়ী, কুড়িল ও মিরপুর এলাকায় আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর সদস্যদের সঙ্গে বিক্ষোভকারীদের সংঘর্ষ হয়।

কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে গত কয়েক দিনের সংঘর্ষ, গুলি, হামলা ও সহিংসতার ঘটনায় দেশের বিভিন্ন স্থানে মামলা হয়। এসব মামলায় গত পাঁচ দিনে ঢাকায় প্রায় ২০০ জনসহ সারাদেশে অন্তত ৫৫০ জনকে গ্রেফতার করা হয়। এর মধ্যে ছিলেন বেশির ভাগ ছিলেন বিএনপি ও জামায়াতে ইসলামীর নেতা-কর্মীরা।

রাজধানীর সেতু ভবন ভাঙচুর, রামপুরার বিটিভির ভবনে আগুন দেওয়া ও বিভিন্ন জায়গায় অগ্নিসংযোগের ঘটনায় ভিন্ন ভিন্ন মামলায় বিএনপি নেতা আমীর খসরু মাহমুদ চৌধুরী, নিপুণ রায় ও গণঅধিকার পরিষদের নেতা নুরুল হক নুরকে পাঁচ দিনের রিমান্ডে নেওয়া হয়। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের একটি পক্ষ ৯ দফা দাবি জানিয়ে শাটডাউন চালিয়ে যাওয়ার ঘোষণা দেয়।

২১ জুলাই সন্ধ্যার পর থেকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে গণমাধ্যমকে নিহতের তথ্য দেওয়া বন্ধ করে দেওয়া হয়।

২০ জুলাই রাত ৮টার দিকে গাজীপুর সিটি করপোরেশনের সাবেক মেয়র মো. জাহাঙ্গীর আলমের বাসভবনে হামলা চালান আন্দোলনকারীরা। রোববার সকালে দ্বিতীয় দফায় জাহাঙ্গীরের বাসভবনে হামলা চালানো হয়। তারা ইটপাটকেল ছুঁড়ে ভবনের বিভিন্ন অংশ ভাঙচুর করেন।

এদিন এক বিজ্ঞপ্তিতে পিএসসি'র পক্ষ থেকে বলা হয়, আগামী ৩১ জুলাই পর্যন্ত পিএসসি'র সকল ধরনের পরীক্ষা স্থগিত করা হয়েছে।

২১ জুলাই রাতে দেশের সার্বিক নিরাপত্তার বিষয়ে সামরিক-বেসামরিক শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করে প্রয়োজনীয় দিক-নির্দেশনা দেন তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গণভবনে অনুষ্ঠিত এ বৈঠকে প্রধানমন্ত্রীর নিরাপত্তা উপদেষ্টা, তিন বাহিনীর প্রধানগণ, মন্ত্রিপরিষদ সচিব ও সশস্ত্র বাহিনীর প্রিন্সিপাল স্টাফ অফিসার উপস্থিত ছিলেন।

## ডাকসু নির্বাচনের তফসিল ২৯ জুলাই

(পরীক্ষার হল) ভোট দেবেন ড. মুহম্মদ শহীদুল্লাহ হল, অমর একুশে হল ও ফজলুল হক হলের শিক্ষার্থীরা। ২. শারীরিক শিক্ষা কেন্দ্রঃ ভোট দেবেন জগন্নাথ হল, শহীদ সার্জেন্ট জহুরুল হক হল ও সলিমুল্লাহ মুসলিম হলের শিক্ষার্থীরা।

৩. ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) ভোট দেবেন রোকেয়া হল, শামসুন নাহার হল ও কবি সুফিয়া কামাল হলের শিক্ষার্থীরা। ৪. ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাব কেন্দ্রঃ ভোট দেবেন বাংলাদেশ-কুয়েত মৈত্রী হল এবং শেখ ফজিলাতুন্নেসা মুজিব হলের শিক্ষার্থীরা। ৫. সিনেট ভবন কেন্দ্র (অ্যালামনাই ফ্লোর, সেমিনার কক্ষ, ডাইনিং রুম): ভোট দেবেন স্যার এ এফ রহমান হল, হাজী মুহম্মদ মুহসীন হল ও বিজয় একাত্তর হলের শিক্ষার্থীরা।

৬. উদয়ন স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্রঃ ভোট দেবেন সূর্যসেন হল, মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল, শেখ মুজিবুর রহমান হল ও কবি জসীম উদ্?দীন হলের শিক্ষার্থীরা। সভায় আরও জানানো হয়, ২০১৮-১৯ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থীর মাস্টার্সের ফলাফল ইতিমধ্যে প্রকাশিত হয়েছে, তাঁরা ডাকসু বা হল সংসদের আসন্ন নির্বাচনে ভোটার বা প্রার্থী হিসেবে অংশ নিতে পারবেন না। সভায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ছাত্রসংগঠনের প্রতিনিধি, হল প্রাধ্যক্ষ, সংশ্লিষ্ট অনুষদের ডিন ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

## মির্জা ফখরুল

আহাজারি কথা তুলে ধরে মির্জা ফখরুল ইসলাম বলেন, যে ছেলেটাকে দেখে স্বপ্ন দেখেছিড়আমার পরিবার স্বপ্ন দেখেছে আমার ভবিষ্যতের, সে ছেলেটাকে কেড়ে নিয়েছে। কেড়ে নিয়েছে এক মর্মান্তিক ও নিধারুণভাবে। তাকে গুলি করে মেরেছে। পড়ে গিয়েছে তারপর একটি ভ্যানের মধ্য উঠিয়েছে। বেঁচে আছে নাকি মরে গিয়েছে সেটা না দেখে আরও কয়েকটি লাশ উঠিয়েছে। পরে আগুন দিয়ে পুড়িয়ে ফেলা হয়েছে। চিন্তা করেন একটা স্বাধীন দেশের নাগরিক আমরা। ১৯৭১ সালের যুদ্ধ করেছি একটা স্বাধীন দেশের জন্য। সেই দেশের পুলিশ প্রশাসন রাষ্ট্রের নিরাপত্তার জন্য কাজ করে, যাদের বেতন আমার আপনার ট্যাক্সের টাকায় হয়। তারা আজকে আমার ছেলেকে আমার সন্তানকে পুড়িয়ে মারছে, হত্যা করছে। কি নির্মম পাশবিক! এমন নিষ্ঠুর ও অমানবিকতার জন্য হাসিনাকে কখনো ক্ষমা করা যাবে না উল্লেখ করে মির্জা ফখরুল বলেন, হাসিনাকে কোনদিন ক্ষমা করা যাবে না। হাসিনা মানবজাতির কলঙ্ক। হাসিনা মায়েরদের কলঙ্ক। আমাদের প্রথম কাজ হবে এদের বিচার করা। দ্বিতীয় কাজ হবে শহীদ পরিবারদের পুনর্বাসন করা। যারা আহত হয়েছে তাদের উন্নত চিকিৎসা দিয়ে পুনর্বাসন করা। এটা না হলে ভবিষ্যত জাতি আমাদের ক্ষমা করবে না। জুলাই আন্দোলনে আহত ও শহীদ পরিবারদের জন্য ফান্ড তৈরি করবে বিএনপি'র উল্লেখ করে তিনি বলেন, গতকালও বলেছি আজকেও বলেছি নির্বাচন হবেই নির্বাচনে কে দায়িত্ব পাবে বা না পাবে সেটা পরের কথা। আজকেই আমি ভারপ্রাপ্ত চেয়ারম্যানকে বলবো দলের পক্ষ থেকে একটা ফান্ড করবো। যাতে আহত ও শহীদ পরিবারদের পুনর্বাসন করা যায়। ইতিমধ্য আমাদের 'আমরা বিএনপি পরিবার' থেকে জুলাই আন্দোলনে আহত ও শহীদ পরিবারের পাশে তারা দাড়িয়েছে।

## কেন দ্রুত ফুরিয়ে যায় স্মার্টফোনের

খরচ : নিরাপত্তার কারণে ভিপিএন ব্যবহারে ডেটা খরচ ৪ থেকে ২০ শতাংশ পর্যন্ত বাড়তে পারে। ৪. পুশ নোটিফিকেশনের বন্যাঃ ফেসবুক, ইনস্টাগ্রাম, মেসেঞ্জার, জিমেইল ইত্যাদি অ্যাপ প্রতি মুহূর্তে নোটিফিকেশন পাঠায়। এই প্রক্রিয়াও ডেটা ও চার্জের বড় অপচয় ঘটায়। ৫. স্ট্রিমিং অ্যাপের অতিরিক্ত ব্যবহারঃ ইউটিউব, নেটফ্লিক্স, স্পটিফাইয়ের মতো স্ট্রিমিং অ্যাপে ভিডিও বা মিউজিক চললে দ্রুত ডেটা শেষ হয়। এমনকি স্পটিফাই ব্যাকগ্রাউন্ডেও ডেটা খরচ করে।

৬. অটো প্লে ফিচার : সামাজিক যোগাযোগমাধ্যমে স্ক্রল করতে করতেই স্বয়ংক্রিয়ভাবে চালু হয় ভিডিওড়যাকে বলে 'অটো প্লে'। এই ফিচার অনাকাঙ্ক্ষিতভাবে প্রচুর ডেটা খরচ করে। ৭. গুগল প্লে স্টোরের স্বয়ংক্রিয় আপডেটঃ অনেক সময় প্লে স্টোর ব্যাকগ্রাউন্ডে নিজে থেকেই অ্যাপ আপডেট করতে থাকে, যা ব্যবহারকারীর অজান্তেই ডেটা খরচ করে ফেলে। ৮. ক্ষতিকর অ্যাপ বা ম্যালওয়্যার : কিছু ম্যালওয়্যার বা সন্দেহজনক অ্যাপ ব্যবহারকারীর অজান্তেই ফোনে ডেটা চুরি করে বা খরচ করে। পরিত্রাণে প্রযুক্তিবিদদের পরামর্শ : অপ্রয়োজনীয় অ্যাপ বন্ধ করুনঃ যেসব অ্যাপ ব্যবহার করা হয় না, সেগুলো আনইনস্টল করুন বা বন্ধ রাখুন। ব্যাকগ্রাউন্ড ডেটা রেস্ট্রিক্ট করুনঃ অ্যাপের সেটিংসে গিয়ে 'জবংঃৎরপঃ ইধপশমৎড়ঁহফ উধঃধ' অপশন চালু করুন। অটো আপডেট ও অটো প্লে বন্ধ করুনঃ প্লে স্টোর ও সোশ্যাল মিডিয়া অ্যাপে অটো আপডেট এবং ভিডিও অটো প্লে বন্ধ করে দিন। নর্ভরযোগ্য অ্যান্টিভাইরাস ব্যবহার করুনঃ সন্দেহজনক অ্যাপ সনাক্ত ও রোধ করতে শক্তিশালী অ্যান্টিভাইরাস ব্যবহার করুন।